উৎবা বিন জামীরা (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমার নিকট আমার পিতা বর্ণনা করেছেন: দুজন ব্যক্তি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট বিচার দায়ের করল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অধিকার প্রাপ্ত ব্যক্তির পক্ষে আর মিথ্যা দাবীদারের বিপক্ষে ফয়সালা দিলেন। রায় যার বিপক্ষে গিয়েছিল সে তার সাথীকে বললো, আমি সন্তুষ্ট নই। তার সাথী বললো, তুমি

কি চাও? সে বললো, আমরা আবু বকর (রাদিঃ) এর নিকট যাব, অতঃপর তারা আবু বকর (রাদিঃ) এর নিকট উপস্থিত হলো। যার পক্ষে রায় গিয়েছিল সে বললো, আমরা দুজন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট গেলে তিনি আমার পক্ষে রায় দেন। আবু বকর (রাদিঃ) বললেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যে ফয়সালা দিয়েছেন তার উপরই তোমরা স্থির থাক।

তার সাথী তা মেনে নিতে অসম্মতি জানাল। সে বললো, চলো আমরা ওমর (রাদিঃ) এর নিকট যাই। অতঃপর তারা তার নিকটে গেল। প্রথম ব্যক্তি বললো, আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট বিচার পেশ করলে তিনি আমার পক্ষে আর তার বিরুদ্ধে রায় দেন। ওমর (রাদিঃ) অপর ব্যক্তিকে জিজ্ঞাসা করলে সেও একই কথা বললো। এমনটি শুনে ওমর (রাদিঃ) ঘরে প্রবেশ করলেন এবং ঘর থেকে একটি নাঙ্গা তলোয়ার নিয়ে বের হলেন। অতঃপর যে ব্যক্তি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিচার মানতে অস্বীকৃতি জানিয়েছে তার গর্দানে আঘাত করলেন। এবং তাকে হত্যা করে ফেললেন। অতঃপর আল্লাহ তায়ালা অবতীর্ণ করলেন : **কিন্তু না! আপনার রবের কসম, তারা ঈমানদার হবে না যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে আপনাকে বিচারক নির্ধারণ করে। [সূরা নিসা: ৬৫]** [হাদীস: হাসান, তাফসীরে ইবনে কাসীর, খন্ড:২, পৃষ্ঠা:৩৫২]

[হাদীসটির সনদ: হাদীসটিকে রিদওয়ান জামে'য় রিদওয়া মুরসাল হাসান বলে উল্লেখ করেছেন, দেখুন: তাঁর তাহকীককৃর্ত, তাফসীরে ইবনে কাসীর। হাফেজ ইবনে তাইমিয়া রহ: তার প্রসিদ্ধ কিতাব সরিমুল মাসলুলের মধ্যে উক্ত রেওয়ায়েতটি উল্লেখ করে বলেছেন:

و هذا المرسل له شاهد من وجه آخر يصلح للاعتبار

এই মুরসাল রেওয়ায়েতটির অপর একটি শাহেদ রয়েছে। যা "ই'তেবার" হবার যোগ্য। অত:পর তিনি উক্ত শাহেদ রেওয়ায়েতটি উল্লেখ করে বলেন, এই ঘটনাটি আমি উক্ত দুটি রেওয়ায়েত ছাড়াও ভিন্ন রেওয়াতে পেয়েছি। দেখুন: আস-সরেমুল মাসলুল, খন্ড:১, পৃষ্ঠা:৪৩]

নির্দেশনা :

১. যে ব্যক্তিকে ওমর (রাদিঃ) হত্যা করলেন তার ভিতরের অবস্থা ওমর (রাদিঃ) জানতেন না। বাহ্যিকভাবে সে মুসলিম হিসেবেই পরিচিত ছিল। ইসলামের কোন বিধানকে মৌখিকভাবে অস্বীকার করেনি। তার অপরাধ হলো, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর একটি ফয়সালা নিজ প্রবৃত্তির বিপক্ষে যাওয়ার কারণে তা না মেনে সে অন্য একজন সাহাবীর নিকট ফয়সালার জন্য গিয়েছিল। তার ব্যাপারে ওমর (রাদিঃ) এর ফয়সালা হলো নাঙ্গা তলোয়ার। কেননা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর ফয়সালাকে প্রত্যাখ্যান করে ভিন্ন কোন ফয়সালা তালাশ হলো রিদ্দাহ।

২. ওমর (রাদিঃ) এর মতের স্বচ্ছতা ঘোষণা দিয়ে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা আয়াত অবতীর্ণ করেন যে, তার এই ফয়সালাই সঠিক ছিল কেননা উপরুক্ত ব্যক্তি মুমিন ছিল না।

৩. যারা শরীয়াতের সকল বিধান পরিবর্তন করে নিজেরাই আইন রচনা করে, মুসলমানদেরকে সেই আইন মানতে বাধ্য করে, না মানলে শাস্তি প্রদান করে, তাদের ব্যাপারে ওমর (রাদিঃ) এর ফয়সালা কি হতে পারে? আর কুরআনই বা তাদের ব্যাপারে কি বলে?

দলিল নং ২:

হাফেজ ইবনে হাজার আসকালানী (রহঃ) বর্ণনা করেন:

روى إسحاق بن راهويه في تفسيره بأسناد صحيح عن الشعبي قال: كان بين رجل من اليهود ورجل من المنافقين خصومة فدعا اليهودي المنافق إلى النبي لأنه علم أنه لا يقبل الرشوة، ودعا المنافق اليهودي إلى حكامهم لأنه علم أنهم يأخذونها فأنزل الله: فلا وربك لا يؤمنون حتى يحكموك......

ইসহাক বিন রাহবিয়া (রহঃ) সহীহ সনদে শা'বী (রহঃ) থেকে বর্ণনা করেন, তিনি বলেন, এক ইহুদী ও মুনাফিকের মাঝে দ্বন্দ্ব হলো। ইহুদী বললো, চলো নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট যাই। কেননা সে জানত, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ঘুষ গ্রহণ করেন না। আর মুনাফিক ইহুদী বিচারকদের নিকট যেতে আহ্বান জানাল, কেননা সে জানত তারা ঘুষ গ্রহণ করে। তাই আল্লাহ তায়ালা অবতীর্ণ করলেন: **কিন্তু না! তোমার রবের কসম, তারা ঈমানদার হবে না যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট**

বিবাদের ব্যাপারে তোমাকে বিচারক নির্ধারণ করে। [সূরা নিসা: ৬৫] [হাদীস: সহীহ, ফাতহুল বারী, অধ্যায়: সাকরুল আনহার, খন্ড:৫, পৃষ্ঠা:৩৭]

<u>দলিল নং ৩:</u>

ইমাম তবারী (রহঃ) বর্ণনা করেন:

عن مجاهد قال: "تنازع رجل من المنافقين ورجل من اليهود، فقال اليهودي اذهب بنا إلى محمد، وقال المنافق: اذهب بنا إلى كعب بن الأشرف فأنزل الله: (يريدون أن يتحاكموا إلى الطاغوت) الآية، وهو كعب بن الأشر

মুজাহিদ (রহঃ) থেকে বর্ণিত, তিনি নিজ তাফসীরে উল্লেখ করেন : এক মুনাফিক ও এক ইহুদীর মাঝে দ্বন্দ্ব হলো। ইহুদী বললো, চলো আমরা মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট যাই। আর মুনাফিক বললো, চলো আমরা কা'ব বিন আশরাফ এর নিকট যাই। তখন আল্লাহ তায়ালা অবতীর্ণ করলেন: **তারা তাগুতের নিকট বিচার-ফয়সালা করতে ইচ্ছা পোষণ করে । [সূরা নিসা: ৬০]** আর তাগুত হলো কা'ব বিন আশরাফ। [তাফসীরুত তবারী, খন্ড: ৮, হাদীস নং:৯৯০১, পৃষ্ঠা:৫১২]

ইবনে কাসীর (রহঃ) বলেন :

والآية أعم من ذلك كله، فإنها ذامة لمن عدل عن الكتاب والسنة وتحاكموا إلى ما سواهما من الباطل، وهو المراد بالطاغوت هنا

আয়াতটি এধরনের ব্যাখ্যার চেয়েও অধিক ব্যাপক। কেননা তা এমন ব্যক্তিদেরকে তিরস্কার করছে যারা কুরআন সুন্নাহ থেকে মুখ ফিরিয়ে নেয় এবং তা ব্যতিরেকে অন্য কোন বাতিলের কাছে বিচার প্রার্থনা করে। আর এখানে তাগুত দ্বারা তাকেই উদ্দেশ্য করা হয়েছে। [তাফসীরে ইবনে কাছীর, খন্ড:২, পৃষ্ঠা:৩৪৬]

<u>ইজমা থেকে দলিল</u>

চার মাযহাবের ফক্বীহগণের (রহঃ) ফতওয়া

ফিক্বহে হানাফী

<u>১. আল্লামা জাস্‌সাস (রহঃ) এর ফতওয়া:</u>

আহকামুল হাকিমীন মহান আল্লাহ রব্বুল আলামীন বলেন :

فَلا وَرَبِّكَ لا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا

কিন্তু না! তোমার রবের কসম, তারা ঈমানদার হবে না যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে বিচারক নির্ধারণ করে, অতঃপর তুমি যে ফয়সালা দেবে সে ব্যাপারে নিজেদের অন্তরে কোন দ্বিধা-সংকোচ অনুভব না করে এবং পূর্ণরূপে আত্মসমর্পণ করে। [সূরা নিসা: ৬৫]

উপরুক্ত আয়াতের ব্যাখ্যায় আমাদের মাযহাবের বিশিষ্ট ফক্বীহ মুফাস্‌সীর আল্লামা জাস্‌সাস (রহঃ) বলেন:

وفي هذه الآية دلالة على أن من رد شيئاً من أوامر الله - تعالى - أو أوامر الرسول-صلى الله عليه وسلم- فهو خارج من الإسلام سواءً رده من جهة الشك فيه ، أو من جهة ترك القبول ، والامتناع عن التسليم وذلك يوجب صحة ما ذهب إليه الصحابة في حكمهم بارتداد من امتنع من أداء الزكاة وقتلهم وسبي ذراريهم. لأن الله تعالى حكم بأن من لم يسلم للنبي صلى الله عليه وسلم قضاءه وحكمه فليس من أهل الإيمان. " أحكام القرآن للجصاص"

এই আয়াতই প্রমাণ করে, যে ব্যক্তি আল্লাহ তায়ালার অথবা তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আদেশ-নিষেধ সমূহ থেকে কোন একটি বিষয়কে প্রত্যাখ্যান করবে সে ইসলাম থেকে বের হয়ে যাবে। চাই সে সন্দেহবশত প্রত্যাখ্যান করুক; অথবা গ্রহণ করতে অস্বীকৃতি জানাক ও মেনে নেয়া থেকে বিরত থাকুক। আয়াতটি সাহাবায়ে কেরামগণের মতামতকে সঠিক বলে সাব্যস্ত করে। তারা ঐ ব্যক্তিদেরকে মুরতাদ আখ্যায়িত করেছেন যারা যাকাত প্রদানে অস্বীকৃতি প্রকাশ করেছিল। তাদেরকে হত্যা ও তাদের পরিবার পরিজনদেরকে বন্দীর বিধান দিয়েছিলেন। কেননা যে ব্যক্তি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিধান ও ফয়সালাকে মেনে নিবে না তারা ঈমানদারদের দলভুক্ত নয়। [আহ্কামুল কুরআন লিল জাস্সাস: ৩/১৮১]

নির্দেশনা:

আল্লাহ তায়ালার একটি বিধান না মেনে নেবার কারণে সাহাবায়ে কেরাম উক্ত ব্যক্তিদেরকে মুরতাদ ফতওয়া দিয়ে তাদের বিরুদ্ধে যুদ্ধ করেছেন। ইমাম জাস্সাস (রহঃ) বলেন: "যে ব্যক্তি কোনো একটি বিধানকে প্রত্যাখ্যান করবে সে ইসলাম থেকে বের হয়ে যাবে।" আর যারা পুরো রাষ্ট্র থেকে ধর্মকে আলাদা করছে, শ্লোগান তুলছে - ধর্ম যার যার রাষ্ট্র সবার, আল্লাহ প্রদত্ত হালালগুলোকে রাষ্ট্রীয়ভাবে অবৈধ আর হারামগুলোকে রাষ্ট্রীয়ভাবে বৈধ করছে, তাদের বিধান কি হতে পারে পাঠক একটু ভাবুন!!

২. আল্লামা আলুসী (রহঃ) এর ফতওয়া:

আল্লামা আলুসী (রহঃ) বলেন:

لا شك في كفر من يستحسن القانون ويفضله على الشرع, ويقول هو أوفق بالحكمة, وأصلح للأمة, ويتميز غيظاً ويتعصب غضبا إذا قيل له في أمر الشرع فيه كذا . كما شهدنا ذلك في بعض من خذلهم الله فأصمهم وأعمى أبصارهم. فلا ينبغي التوقف في تكفير من يستحسن ما هو بين المخالفة للشرع منها, ويقدمه على الأحكام الشرعية منتقصا للحق

সন্দেহাতীতভাবে ঐ ব্যক্তি কাফের, যে অন্য কোন বিধানকে ভালো মনে করে এবং তাকে শরীয়াতের উপর অগ্রাধিকার দেয়। আর বলে এটাই বাস্তবসম্মত ও উম্মাতের জন্য কল্যাণকর। যদি তাকে কোন বিষয়ে বলা হয়, এখানে তো শরীয়াতের বিধান এমনটি ছিল, সে রাগে ও ক্ষোভে ফেটে পড়ে। যেমনটি আমরা কতক ব্যক্তির মাঝে দেখতে পাচ্ছি; আল্লাহ যাদেরকে লাঞ্চিত করেছেন, তাদেরকে বধির বানিয়েছেন, তাদের চোখগুলোকে অন্ধ করেছেন। সুতরাং যে ব্যক্তি শরীয়াত বিরোধি কোন বিধানকে পছন্দ করে এবং শর'য়ী বিধানকে অসম্পূর্ণ ভেবে সেই বিধানকে শরীয়াতের উপর প্রাধান্য দেয় তাকে কাফের বলে ঘোষণা দেয়ার ক্ষেত্রে কালক্ষেপণ করা অনুচিত। [তাফসীরু রূহুল মা'আনী, খন্ড:২৮, পৃষ্ঠা:২০]

৩. আল্লামা আনোয়ার শাহ কাশ্মিরী (রহঃ) এর ফতওয়া:

আল্লামা আনোয়ার শাহ কাশ্মিরী (রহঃ) বলেন:

......إنكار المتواتر، عدم قبول إطاعة الشارع، ولا في مرتبة الاعتقاد أيضاً، ورد للشريعة وإن لم يكذب، وهو كفر بواح بنفسه، قال في "الصارم المسلوم": وقد يكون مع العلم بجميع ما يصدق به تمرداً أو اتباعاً لغرض النفس، وحقيقته كفر، هذا لأنه يعرف الله ورسوله بكل ما أخبر به، ويصدق بكل مايصدق به المؤمنون، لكنه يكره ذلك، ويبغضه ويسخطه لعدم موافقته لمراده ومشتهاه، ويقول: أنا لاأقر بذلك، ولا ألتزمه، وأبغض هذا الحق، وانفر عنه. فهذا نوع غير النوع الأول، وتكفير هذا معلوم بالاضطرار من دين الإسلام والقرآن مملوء من تكفيرمثل هذا النوع، بل عقوبته أشد اهـ. وقال: وقد قال الإمام أبو يعقوب اسحاق بن إبراهيم الحنظلي المعروف "بابنراهوية"، وهو أحد الأئمة، يعدل بالشافعي وأحمد: قدأجمع المسلمون أن من سب الله، أوسب رسوله – صلى الله عليه وسلم -،أودفع شيئاً مما أنزل الله، أوقتل نبياً من أنبياء الله، أنه كافر، ذلك وإن كان مقراً بم اأنزل الله اهـ.

.....মুতাওয়াতের বিষয়কে অস্বীকার করা, শরীয়াত প্রণেতার (আল্লাহ ও তাঁর রসূলের) আনুগত্য গ্রহণ না করা এমনকি তা আক্বীদাগত বিষয়গুলোতেও এবং **শর'য়ী বিধানকে প্রত্যাখ্যান করা যদিও তা মিথ্যা প্রতিপন্ন না করে হোক, তা হবে কুফরে বাওয়াহ বা সুস্পষ্ট কুফরি।** সরিমুল মাসলূলের মধ্যে শায়খুল ইসলাম বলেন, "যে সমস্ত বিষয়কে সত্যায়ন আবশ্যক তা জানা থাকা সত্ত্বেও কখনো কখনো এসতেহলাল (হারামকে হালাল মনে করা) হতে পারে ঔদ্ধতাবশত বা প্রবৃত্তির অনুসরণের কারণে। আর এটিও কুফর কেননা সে আল্লাহ ও তাঁর রসূলকে এবং তাঁর নির্দেশসমূহ জানতে পেরেছে। মুমিনরা যা কিছু সত্যায়ন করে সেও তা সত্যায়ন করেছে। কিন্তু (তার চাহিদা ও মন মতো না হওয়ার কারণে) সে এগুলো অপছন্দ করে। সে বলে আমি এগুলো মানতে পারব না। আঁকড়ে ধরবো না। এই সত্যকে সে অপছন্দ করে, তা থেকে পলায়ন করে। এই শ্রেণীটি ১ম শ্রেণী (যারা আন্তরিকভাবে আল্লাহর বিধানকে অস্বীকার করে) থেকে ভিন্ন। এদের কাফের হওয়ার বিষয়টি দ্বীন ইসলামে সুস্পষ্টভাবে প্রমাণিত। পুরো কুরআন জুড়ে এধরনের ব্যক্তিকে কাফের আখ্যায়িত করা হয়েছে, বরং এদের শাস্তি আরও অধিক কঠিন বলে বর্ণিত হয়েছে।" ইমাম আবূ ইয়াকুব ইসহাক বিন ইব্রাহীম আল হানবলী (রহঃ) যিনি 'ইবনে রাহওয়াইহ' নামে পরিচিত আমাদের ইমামদের একজন, যাকে শাফেঈ (রহঃ) ও আহমাদ (রহঃ) এর সাথে তুলনা করা হয়, তিনি বলেন, "সকল মুসলমানরা একমত পোষণ করেছে। যে ব্যক্তি আল্লাহ তায়ালাকে গালি দিবে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে মন্দ বলবে অথবা আল্লাহর অবতীর্ণ কোন বিধানকে প্রত্যাখ্যান করবে বা আল্লাহর কোন নবীকে হত্যা করবে নিশ্চয় সে কাফের। এই তার বিধান, যদিও বা সে আল্লাহর অবতীর্ণ বিধানাবলীকে স্বীকার করে। [এছাড়াও আল্লামা কাশ্মীরী (রহঃ) আরো দলিল পেশ করেছেন। দেখুন: ইকফারুল মুলহিদীন, পৃষ্ঠা-১১৯/১২০ প্রকাশনা:ইদারাতুল কুরআন, করাচী]

নির্দেশনা:

১. উপরুক্ত আলোচনা থেকে একটি প্রচলিত সংশয় নিরসন হয়। তা হলো, রিদ্দাহ (ইসলাম ত্যাগ) সর্বদা বিশ্বাস ও স্বীকারোক্তির উপর নির্ভর করে না বরং অনেক সময় মানুষের থেকে এমন কাজ প্রকাশ পায় যার দ্বারা সে কাফের হয়ে যায়, যদিও বা সে মৌখিকভাবে আল্লাহর সকল বিধানাবলীকে স্বীকার করে নেয়। যেমনটি তিনি বলেছেন:

وإن لم يكذب، وهوكفربواح بنفسه

যদিও বা সে মিথ্যা প্রতিপন্ন না করে, তথাপি উক্ত কাজটি কুফরে বাওয়াহ।

২. ইসলামী শরীয়াত যদি সে অন্তরে বিশ্বাস করে, কিন্তু কার্যক্ষেত্রে মেনে নিতে অসম্মতি জানায়, অন্য কোন সংবিধানকে নিজ জীবন বিধান বানিয়ে নেয়, তাহলে সে মুরতাদ হয়ে যাবে। লক্ষ্য করুন - আল্লামা কাশ্মীরী (রহঃ) বলেছেন:

ورد للشريعة وإن لم يكذب، وهو كفر بواح بنفسه

এবং শর'য়ী বিধানকে প্রত্যাখ্যান করে, যদিও মিথ্যা প্রতিপন্ন নাও করে। তথাপি তা স্বয়ং কুফরে বাওয়াহ বা সুস্পষ্ট কুফরি।

ইমাম ইসহাক বিন রাহবিয়া (রহঃ) বলেছেন:

أودفع شيئاً مما أنزل الله، أوقتل نبياً من أنبياء الله، أنه كافر، ذلك وإن كان مقراً بما أنزل الله اهـ

অথবা যে ব্যক্তি আল্লাহর অবতীর্ণ কোন বিধানকে প্রত্যাখ্যান করবে, বা আল্লাহর কোন নবীকে হত্যা করবে নিশ্চয় সে কাফের। এই তার বিধান যদিও বা সে আল্লাহর অবতীর্ণ বিধানাবলীকে স্বীকার করে।

৪. শাইখুল ইসলাম মোস্তফা সবারী (রহঃ) এর ফতওয়া:

[শাইখ মোস্তফা সবারী (রহঃ) ছিলেন সর্বশেষ খেলাফত ব্যবস্থা দৌলাতে উসমানিয়ার সর্বশেষ শাইখুল ইসলাম। তুর্কিতে ধর্মনিরপেক্ষ মতবাদে বিশ্বাসী কামাল আতাতুর্ক ক্ষমতা গ্রহণের পর শাইখ তার জুলুম ও কুফরের বিরুদ্ধে অবস্থান গ্রহণ করেন। ফলে তাকে অনেক কষ্ট ও চাপ সহ্য করতে হয়। এর পর তিনি সেখান থেকে হিজরত করে মিশরে চলে আসেন। তার ব্যাপারে শাইখুল ইসলাম যাহেদ কাউসারী (রহঃ) মন্তব্য করেন, তিনি "মুজাহিদদের চোখের শীতলতা"। তার সময় থেকেই মুসলিম ভূখন্ডগুলোর

উপর আপতিত হয়েছিল নতুন বিপদ, রাষ্ট্র থেকে ধর্মকে পৃথক করে মানব রচিত সংবিধান দ্বারা রাষ্ট্র পরিচালনা। তিনি এর বিরুদ্ধে কলম ধরেন। কুফর ও রিদ্দার নতুন এ রূপকে শর'য়ী দলিল ও যুক্তির মাধ্যমে বিশ্বের মুসলমানদের সামনে স্পষ্ট করে তুলেন। আমরা এখানে তাঁর লেখা থেকে নির্বাচিত কিছু অংশ তুলে ধরবো ইনশাআল্লাহ।]

তিনি এটিকে দ্বীনের ব্যাপারে সবচেয়ে জঘন্য ষড়যন্ত্র উল্লেখ করে বলেন:

إنّ هذا الفصل مؤامرة بالدين للقضاء عليه وقد كان في كله بدعة أحدثها العصريون المتفرنجون في البلاد الإسلامية كيداً للدين ومحاولة للخروج عليه. لكن كيدهم في فصله عن السياسة أدهي وأشد من كل كيد في غيره ؛ (موقف العقل والعلم من رب العالمين ج4 ص280 طبعة عيسى الحلبى(

নিশ্চয়ই এই পৃথকীকরণ [ধর্মকে রাষ্ট্র থেকে পৃথকীকরণ] দ্বীন ধ্বংসের ব্যাপারে গভীর ষড়যন্ত্র। বর্তমান সময়ের ইউরোপীয় কালচার গ্রহণকারীরা ইসলামী দেশগুলোতে যা কিছুরই উদ্ভব ঘটিয়েছে তা সবই দ্বীনের বিরুদ্ধে চক্রান্ত ও দ্বীন ধ্বংসের প্রচেষ্টা স্বরূপ। তবে রাষ্ট্র থেকে দ্বীনকে পৃথক করার ব্যাপারে তাদের ষড়যন্ত্র অন্য ক্ষেত্রে চক্রান্তগুলোর চেয়ে অত্যন্ত কঠিন ও ভয়াবহ। [মাওকিফুল আ'ক্ল খন্ড:৪, পৃষ্ঠা:২৮০/৮১]

তিনি এটিকে ঈমানের সাথে সংঘর্ষিক সাব্যস্ত করেন:-

والحق أن ترويج فصل الدين عن الدولة سواء كان هذا الترويج من رجال الحكومة اوالكتاب والمفكرين في مصلحة الدولة والأمة ؛ لا يتفق مع الإيمان بأن الدين منزل من عند الله ؛ وأن أحكامه المذكورة في الكتاب والسنة أحكام الله المبلغة بواسطة رسوله ؛ وكل من أشار بمبدأ الفصل إلي المجتمع ؛ فهو إما: مستطبن للإلحاد ؛ او بليد جاهل بمعني فصل الدين عن الدولة ومغزاه-

সত্য হচ্ছে, "ধর্মকে রাষ্ট্র থেকে পৃথক করণ" এই প্রথা প্রশাসনের পক্ষ থেকে চালু হোক অথবা লেখক ও দেশ জাতির কল্যাণকামী বুদ্ধিজীবিদের পক্ষ থেকে, এটা ইসলামের সাথে একত্র হতে পারে না। কেননা দ্বীন হলো আল্লাহ তায়ালার পক্ষ থেকে অবতীর্ণ। কিতাবুল্লাহ ও সুন্নাহতে বিদ্যমান দ্বীনের বিধানগুলো রসূলের মাধ্যমে প্রেরিত আল্লাহরই বিধান। যে ব্যক্তিই সমাজ থেকে দ্বীনকে পৃথক করার আদর্শ প্রচার করবে সে হয়তো নাস্তিক্য চিন্তা-ধারার অধিকারী অথবা নির্বোধ - ধর্মকে রাষ্ট্র থেকে পৃথক করণের অর্থ ও তাৎপর্য সম্পর্কে অজ্ঞ। [মাওকিফুল আ'ক্ল খন্ড:৪, পৃষ্ঠা:২৮০]

রাষ্ট্রীয় সংবিধান থেকে শর'য়ী বিধান পৃথককারীকে তিনি ইসলাম থেকে বহিষ্কৃত ফতওয়া প্রদান করেন:

فإذا خرج عن الإسلام من لا يقبل سلطة الدين عليه بالأمر والنهي وتدخله في أعماله حال كونه فردا من أفراد المسلمين ؛ فكيف لا يخرج من لا يقبل هذه السلطة وهذا التدخل ؛ بصفة أنه داخل في هيئة الحكومة؟

যদি কেউ মুসলমান জনসাধারণের মধ্য থেকে একজন সাধারণ ব্যক্তিও হয় আর সে তার উপর আদেশ ও নিষেধ বিষয়ক দ্বীনের যে কর্তব্য আছে তা গ্রহণ না করে, তার কার্যাবলীর মধ্যে দ্বীনের প্রবেশকে গ্রহণ না করে, সে ইসলাম থেকে খারিজ হয়ে যায়। তাহলে ঐ ব্যক্তি কিভাবে খারিজ না হবে, যে এই কর্তব্য ও প্রবেশকে মেনে নেয় না অথচ সে রাষ্ট্রের শাসন ব্যবস্থার দায়িত্বশীলদের মধ্যে অন্তর্ভূক্ত?! [মাওকিফুল আ'ক্ল খন্ড:৪, পৃষ্ঠা:২৯৪]

তিনি এটিকে কুফরে পৌঁছার সবচেয়ে সংক্ষিপ্ত পথ উল্লেখ করেন:

..........وهو أقصر طريقاً إلى الكفر من ارتداد الأفراد بل إنه يتضمن ارتداد الأفراد أيضاً لقبولهم الطاعة لتلك الحكومة المرتدة التي ادعت الاستقلال لنفسها بعد أن كانت خاضعة لحكم الإسلام عليها

.........."ধর্মকে রাষ্ট্র থেকে পৃথকীকরণ" জনগণের ব্যক্তিকেন্দ্রিক রিদ্দাহর [দ্বীন ত্যগের] চেয়েও কুফরে পৌঁছার অধিক সংক্ষিপ্ত পথ। বরং জনসাধারণ যদি এই মুরতাদ প্রশাসনের আনুগত্য মেনে নেয় তাহলে এটি জনসাধারণের রিদ্দাহকে পর্যন্ত অন্তর্ভূক্ত করে, যে প্রশাসন নিজের উপর অর্পিত ইসলামের হুকুমের অনুগত হবার পর [বিধানের ক্ষেত্রে] নিজেদের স্বাতন্ত্র দাবী করে। [মাওকিফুল আ'ক্ল খন্ড:৪, পৃষ্ঠা:২৮০]

নির্দেশনা:

যে দেশের সংবিধান ইসলাম নয়, শর'য়ী বিধান দ্বারা যে রাষ্ট্র পরিচালিত হয় না, বরং পরিচালিত হয় মানব রচিত সংবিধান দ্বারা, আল্লাহ প্রদত্ত অলঙ্ঘনীয় বিধান হুদুদ, ক্বিসাস যে দেশের আইনে নিষিদ্ধ, শর'য়ী দৃষ্টিতে সে দেশের ব্যাপারেই বলা হবে যে, এটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র অর্থাৎ ধর্মদ্রোহী রাষ্ট্র। আমাদেরকে সাবধান থাকতে হবে কেননা কিছু ধর্মত্যাগী মুরতাদ উপরুক্ত সকল অপকাজ করছে, আর সংবিধানে শুধুমাত্র লিখিতভাবে ইসলাম শব্দটি রেখে নিজেদেরকে মুসলমান পরিচয় দেয়ার ব্যর্থ চেষ্টা করছে। আর কেউ কেউ তো এতেও রাজি নেই, না'উযুবিল্লাহ। কেননা মদের বোতলে শরবত লিখে রাখলেই মদ শরবত হয়ে যায় না, শুকরের গোস্তের উপর গরু লিখে রাখলেই তা গরুর গোস্ত হয়ে যায় না। এই শব্দ চয়ন করা হয় শুধু সাধারণ জনগণকে ধোঁকা দেয়ার জন্য; এর দ্বারা শর'য়ী বিধান পরিবর্তন করা যায় না।

৫. শাইখুল ইসলাম যাহেদ কাউসারী (রহঃ) এর ফতওয়া :

আল্লামা যাহেদ কাউসারী (রহঃ) কে সিরিয়ার কয়েকজন সম্মানিত আলেম একটি ফতওয়া জিজ্ঞাসা করেন: যে ব্যক্তি ধর্মকে রাষ্ট্র থেকে পৃথক করার অপপ্রয়াস চালায়, ইসলামী আইনের পরিবর্তে মানব রচিত সংবিধান দ্বারা রাষ্ট্র পরিচালনার আগ্রহ প্রকাশ করে; ইসলামী শরীয়াতে এমন ব্যক্তির বিধান কি? আর এই কঠিন পরিস্থিতিতে হক্বকে সাহায্য না করে যে ব্যক্তি নীরব ভূমিকা পালন করে তারই বা হুকুম কি?

উপরুক্ত প্রশ্নের জবাবে আল্লামা যাহেদ কাউসারী (রহঃ) লিখেন:

إن هذه هي أدعى الدواهي وأعظم المصائب، يذوب لهولها قلب كلِّ مؤمن صادق الإيمان، ولا سيّما في مثل بلاد الشام التي لها ماض مجيد في خدمة الإسلام، فالمسلم إذا طالب بمثل ذلك في سلامة عقله يجري عليه حكم الردة في بلد يكون فيه الإسلام نافذ الأحكام، وفي غيره يُهجر هذا المطالب هجرا كليًا فلا يكلم ولا يعامل في أمر أصلاً حتى تضيق عليه الأرض بما رحبت ويتوب وينيب. وقد دلت نصوص الكتاب والسنة على أن دين الإسلام جامع لمصلحتي الدنيا والآخرة، ولأحكامهما دلالة واضحة لا ارتياب فيها، فتكون محاولة فصل الدين من الدولة كفرا صارخًا منابذا لإعلاء كلمة الله، وعداءً موجها إلى الدين الإسلامي في صميمه، ويكون هذا الطلب من هذا المطالب إقرار منه بالانبتار والانفصال فيلزمه بإقراره، فنعده عضوًا مبتورًا من جسم جماعة المسلمين وشخصًا منفصلاً عن عقيدة الإسلام، فلا تصح مناكحته ولا تحل ذبيحته لأنه ليس من المسلمين ولا من أهل الكتاب

নিশ্চয়ই এটি চরম বিপর্যয়, কঠিন মুসিবত; যা সত্য ঈমানের অধিকারী প্রতিটি মুমিনের হৃদয়কে ক্ষত বিক্ষত করে। বিশেষ করে

সিরিয়ার মত রাষ্ট্রে, যে রাষ্ট্রের অতীত ভরপুর রয়েছে ইসলামের জন্য নানা খেদমত। কোন মুসলমানের আকল সুস্থ থাকা সত্ত্বেও যদি সে এ ধরনের প্রয়াস চালায়, আর যদি সেই অঞ্চলে ইসলামী বিধি-বিধান বাস্তবায়িত থাকে তাহলে তার উপর মুরতাদের বিধান (হত্যা) বলবৎ হবে। আর যদি ভিন্ন অঞ্চল হয় তাহলে এই কাজে ইচ্ছুক ব্যক্তিকে পরিপূর্ণ বয়কট করতে হবে। তার সাথে কোন ধরনের কথা বা লেনদেন করা যাবে না। যতক্ষণ না জমিন প্রশস্ত হওয়া সত্ত্বেও তার জন্য সংকীর্ণ হয়ে আসে; আর সে তাওবা করে ফিরে আসে। কুরআন ও সুন্নাহর নসগুলো স্পষ্ট ও সন্দেহাতীতভাবে প্রমাণ করে দ্বীনে ইসলাম দুনিয়া ও আখেরাত উভয় জগতের কল্যাণ ও বিধি-বিধানকে অন্তর্ভুক্ত করে। তাই রাষ্ট্র থেকে ধর্মকে পৃথক করার প্রচেষ্টা জঘন্য কুফর। আল্লাহর কালিমাকে বুলন্দ করার ক্ষেত্রে প্রতিবন্ধকতা হলো দ্বীন ইসলামের সাথে ঘোরতর শত্রুতা পোষণ। উপরুক্ত কাজে ইচ্ছুক ব্যক্তির এই প্রয়াসই তার পক্ষ থেকে (দ্বীন থেকে) পৃথক হয়ে যাওয়া ও বিচ্ছিন্নতার ব্যাপারে স্বীকারোক্তি বলে গণ্য হবে। আর তার স্বীকারোক্তির কারণেই এই হুকুম তার উপর বর্তাবে। ফলে আমরা তাকে মুসলিম উম্মাতের শরীর থেকে একটি কর্তিত অঙ্গ এবং ইসলামী বিশ্বাস থেকে বিচ্ছিন্ন এক ব্যক্তি বলে গণ্য করব। তাই তার সাথে বিবাহ বৈধ হবে না, তার জবেহকৃত পশুর গোস্ত হালাল হবে না। কেননা সে মুসলমানও নয়, আহলে কিতাবও নয়।

এর পর আল্লামা যাহেদ কাউসারী (রহঃ) এই ব্যাপারে কুরআন ও সুন্নাহ থেকে প্রমাণ পেশ করেন। অতঃপর উল্লেখ করেন:

وأما الساكت من أهل الشأن عن تأييد الحق في مثل تلك الكارثة فإنما هو شيطان أخرس وردء لأهل الردة

এই কঠিন বিপর্যয়ে সত্যকে সাহায্য না করে শীর্ষ পর্যায়ের ব্যক্তিদের মধ্য থেকে যে নিরবতা অবলম্বন করবে সে হলো মুরতাদের সহায়তাকারী বোবা শয়তান৷

[দেখুন: আল-মাক্বালাতুল কাউছারী, অধ্যায়: হুকমু মুহাওলাতি ফাসলিদ দ্বীন, পৃষ্ঠা: ৩৩০/৩৩১, প্রকাশনা: আল-মাকতাবুত তাউফীকিয়্যাহ্]

৬. হাকিমুল উম্মাত হযরত আশরাফ আলী থানবী (রহঃ) এর ফতওয়া:

আল্লামা ত্বক্বী উসমানী (দা.বা.) তাকমীলায়ে ফাতহুল মুলহীমে مسئلة الخروج علي ائمة الجور "জালিম শাসকদের বিরুদ্ধে বিদ্রোহ" নামক একটি অধ্যায় রচনা করেছেন৷ তাতে তিনি প্রসিদ্ধ ফক্বীহ হাকিমুল উম্মাত হযরত আশরাফ আলী থানবী (রহঃ) এর বরাত দিয়ে অবস্থাভেদে শাসকদেরকে বিভিন্ন শ্রেণীতে ভাগ করেন৷ শাসকদের সপ্তম প্রকারের ব্যাপারে তিনি বলেন:

والقسم السابع: أن يرتكب فسقا متعديا إلى دين الناس , فيكرههم على المعاصي , وحكمه حكم الإكراه المبسوط في محله , ويدخل هذا الإكراه في بعض الأحوال في الكفر حقيقة أو حكما , وذلك بأن يصر على تطبيق القوانين المصادمة للشريعة الإسلامية , إما تفضيلا لها على شرع الله , وذلك كفر صريح , أو توانيا , وتكاسلا عن تطبيق شريعة الله ؛ بما يغلب منه الظن أن العمل المستمر على خلاف الشريعة يحدث استخفاف لها في القلوب , فإن مثل هذا التواني والتكاسل , وإن لم يكن كفرا صريحا يحيث يكفر به مرتكبه, ولكنه في حكم الكفر . بدليل ما ذكره الفقهاء من أنه لو ترك أهل بلدة الأذان حل قتالهم , لأنه من أعلام الدين , وفي تركه استخفاف ظاهر به , راجع باب الأذان من رد المحتار(384/1) وحينئذ يلحق هذا القسم السابع بالقسم الثالث وهو الكفر البواح.

শাসকদের সপ্তম শ্রেণী হলো: ঐ শাসক যে এমন পাপে লিপ্ত হয় যা মানুষের দ্বীনি ব্যাপারে প্রভাব ফেলে, অর্থাৎ সে তাদের গুনাহের কাজে বাধ্য করে৷ (আর الإكراه তথা এই বাধ্য করার বিস্তারিত বিধান যথা স্থানে আলোচিত রয়েছে)। এই "الإكراه" তথা পাপ কাজে বাধ্য করা কখনো কখনো হয়তো কুফরে হাকীকী হবে বা কুফরে হুকমী হবে৷ আর এর দৃষ্টান্ত হলো: এমন শাসক যে ইসলামি শরীয়াতের সাথে সাংঘর্ষিক বিধানসমূহ ধারাবাহিকভাবে প্রণয়ন করে৷ হয়তো সে এটা করে আল্লাহর শরীয়াতের উপর সেটাকে প্রাধান্য দিয়ে, তাহলে এটা হবে كفر صريح অর্থাৎ স্পষ্ট কুফরি। অথবা সে এটা করে আল্লাহর শরীয়াত বাস্তবায়নে অলসতা ও শিথিলতা বশত৷ এ শাসকের ব্যাপারে প্রবল ধারণা এটাই করা হবে; তার অন্তরে শরীয়াতের ব্যাপারে অবজ্ঞা থাকার কারণেই তার থেকে শরীয়াতের খেলাফ এ ধরনের কাজ ধারাবাহিকভাবে প্রকাশ পাচ্ছে৷ তবে এ ধরনের অলসতা ও শিথিলতাকে যদিও এমন স্পষ্ট কুফর গণ্য করা হবে না যে কুফরকারীকে কাফের বলে ঘোষণা দেওয়া হয়, তবে এই কাজটি স্পষ্ট কুফরের হুকুমেই হবে৷ যেমনটি ফুক্বাহাগণ উল্লেখ করেছেন, "যদি কোন শহরবাসী আযান দেয়া ছেড়ে দেয় তাদের বিরুদ্ধে কিতাল বৈধ৷ কেননা আযান হলো দ্বীনের নিদর্শন আর তা ছেড়ে দেয়া দ্বীনের ব্যাপারে স্পষ্ট অবজ্ঞা প্রকাশ। [দেখুন রদ্দুল মুহতার ১/৩৮৪] সুতরাং এ প্রকারটিও তৃতীয় শ্রেণীর শাসকদের অন্তর্ভূক্ত৷ আর তা হলো الكفر البواح স্পষ্ট কুফর৷ [দেখুন: তাকমীলায়ে ফাতহুল মুলহীম, খন্ড:৩, পৃষ্ঠা: ৩২৬-৩৩১]

নির্দেশনা:

হাকিমুল উম্মাত এর উক্ত আলোচনা থেকে স্পষ্টভাবে বুঝে আসে ইসলামী শরীয়াতের সাথে সাংঘর্ষিক বিধান রাষ্ট্রে দুই কারণে জারি থাকতে পারে:

১। অন্য কোন বিধানকে শর'য়ী বিধানের চেয়ে অধিক উপযোগী মনে হওয়ার কারণে৷

২। অলসতা ও শিথিলতা বশত কুফরি বিধানকে পরিবর্তন করে শর'য়ী বিধান বাস্তবায়ন না করার কারণে৷

তবে উক্ত সংবিধান উপরুক্ত দুই কারণের যে কোন কারণেই প্রণীত থাকুক তা الكفر البواح তথা স্পষ্ট কুফরের হুকুমেই অন্তর্ভূক্ত হবে। অর্থাৎ সামর্থ্য থাকার শর্তে তাদের বিরুদ্ধে কিতাল ওয়াজিব হবে। এখানে বিধানের ক্ষেত্রে পার্থক্য করা যাবে না।

অপর একটি বিষয় হলো, কেউ কি এমনটি কল্পনাও করতে পারে যে বর্তমান শাসকরা অলসতা বশত ইসলামী বিধান বাস্তবায়ন করছে না অথচ এ সমস্ত শাসকদের বৈশিষ্ট্য হলো:

১| তারা একের পর এক শরীয়াতের সাথে সাংঘর্ষিক নতুন নতুন বিধান রচনা করছে। অলসতা বশত পূর্বের সংবিধানের উপর স্থির থাকা সম্ভব, তবে শরীয়াতের সাথে সাংঘর্ষিক নতুন নতুন আইন প্রণয়ন কিভাবে সম্ভব হতে পারে!!!

২| পারিবারিক সামান্য কিছু বিধান যা শরীয়াত অনুযায়ী প্রতিষ্ঠিত আছে তাও তারা সহ্য করতে পারছে না। তার বিরুদ্ধে নীতিমালা প্রণয়ন করছে এবং তা বিলুপ্ত করার জন্য শত চেষ্টায় লিপ্ত আছে। এটা কি অলসতা বশত হতে পারে?

৩| শরীয়াহ আইনের দাবীটুকু যারা মানতে নারাজ, তারা এই দাবীকে সংবিধানের সাথে সাংঘর্ষিক হিসাবে আখ্যায়িত করছে। শরীয়াহ আইনের দাবী উত্থাপনকারীদেরকে রাষ্ট্রদ্রোহী বলে জেলে ভরছে, তাদেরকে নানা শাস্তি প্রদান করছে।

৪| জিহাদ, পর্দা, হুদুদ, ক্বিসাস, মিরাছ বন্টনের মত ইসলামের গুরুত্বপূর্ণ বিধানগুলোকে নির্লজ্জের মত স্পষ্টরূপে অবজ্ঞা করছে।

এ ধরনের আরো নানা কুফরি তাদের মাঝে বিদ্যমান, যে ব্যাপারে সামান্য সংশয়ের অবকাশ নেই, যা দ্বি-প্রহরের সূর্যের ন্যায় স্পষ্ট। তাদের ব্যাপারে কোনভাবেই বলা যায় না যে তারা এটা করছে অলসতা বশত। তাই হাকিমুল উম্মাত আশরাফ আলী থানবী (রহঃ) ও আল্লামা ত্বকী উসমানীর (দা.বা.) উক্তি অনুযায়ী বর্তমান শাসকরা ঐ শাসকদের মাঝেই গণ্য যারা ইসলামী আইন বাস্তবায়ন করে না মানব রচিত সংবিধানকে ইসলামী শরীয়াতের চেয়ে যুগোপযোগী মনে করার কারণে। সুতরাং তারা ইসলামের গন্ডি থেকে খারিজ কাফের ও মুরতাদ।

<u>ফিক্বহে শাফিঈ</u>

<u>১. আল্লামা ইবনে কাসীর (রহঃ) এর ফতওয়া:</u>

তাতাররা ইসলাম ধর্ম গ্রহণ করে মুসলিম হয়ে যায় কিন্তু বিচারকার্য পরিচালনার ক্ষেত্রে কুরআন সুন্নাহকে সংবিধান হিসেবে গ্রহণ করে নি| বরং কুরআন, তাওরাত ও ইঞ্জিল থেকে কিছু কিছু বিধান নিয়ে ও নিজেদের চিন্তা প্রসূত কিছু বিধান মিলিয়ে একত্র করে একটি সংবিধান রচনা করে যার নাম দেয় ইয়াসিক| আর এই সংবিধান দ্বারা তারা বিচার ফয়সালা করতে থাকে। ফলে তৎকালীন যুগশ্রেষ্ঠ আলেম আল্লামা ইবনে কাসীর (রহঃ) সহ অন্যান্য আলেমগণ উপরুক্ত কাজের কারণে তাদেরকে মুরতাদ বলে ফতওয়া প্রদান করেন।

মহান আল্লাহ তায়ালা বলেন:

أفحكم الجاهلية يبغون ومن أحسن من الله حكما لقوم يوقنون [المائدة : ٥٠]

তারা কি জাহিলিয়্যাতের শাসন ব্যবস্থা কামনা করে! বিশ্বাসী সম্প্রদায়ের জন্যে শাসন পরিচালনার ক্ষেত্রে আল্লাহর চেয়ে শ্রেষ্ঠ আর কে আছে? [সূরা মায়েদা :৫০]

উক্ত আয়াতের ব্যাখ্যায় আল্লামা ইবনে কাসীর (রহঃ) বলেন:

ينكر تعالى على من خرج عن حكم الله المحكم المشتمل على كل خير الناهي عن كل شر وعدل إلى ما سواه من الآراء والاهواء والاصطلاحات التي وضعها الرجال بلا مستند من شريعة الله كما كان أهل الجاهلية يحكمون به من الضلالات والجهالات مما يضعونها بآرائهم وأهوائهم وكما يحكم به التتار من السياسات الملكية المأخوذة عن ملكهم جنكز خان الذي وضع لهم الياسق وهو عبارة عن كتاب مجموع من أحكام قد اقتبسها عن شرائع شتى من اليهودية والنصرانية والملة الاسلامية وغيرها. وفيها كثير من الاحكام أخذها من مجرد نظره وهواه فصارت في بنيه شرعا متبعا يقدمونها

على الحكم بكتاب الله وسنة رسول الله - صلى الله عليه وسلم - فمن فعل ذلك فهو كافر يجب قتاله حتى يرجع إلى حكم الله ورسوله فلا يحكم سواه في قليل ولا كثير[تفسير ابن كثير]

আল্লাহ তায়ালা এমন ব্যক্তির নিন্দা করেছেন যে আল্লাহর দৃঢ় বিধানকে ছেড়ে দেয়। অথচ তা সকল কল্যাণকে সমন্বিত করে, সকল ক্ষতিকারক বস্তুকে নিষিদ্ধ করে। কুরআন-সুন্নাহ্ বাদ দিয়ে সে ফিরে যায় এমন কিছু মতামত, রীতিনীতি ও প্রথার দিকে, যা প্রণয়ন করেছে মানুষেরাই। আল্লাহর শরীয়াতের সাথে যার নেই কোন সম্পর্ক। আর এ কাজটি করেছিল জাহিলী যুগের মানুষেরা। তারা তাদের চিন্তা প্রসূত মতামত থেকে প্রণীত জাহিলী ভ্রান্ত বিধান দ্বারা ফয়সালা প্রদান করতো। আর তাতাররা তাদের রাজতান্ত্রিক রাজনীতির সুবাদে একই ধরনের বিচার ফয়সালা করছে, যা তারা গ্রহণ করেছে তাদের বাদশাহ চেঙ্গিস খান থেকে। এই চেঙ্গিস খানই "ইয়াসিক" নামক সংবিধান প্রণয়ন করেছে। ইয়াসিক হলো ইসলামী, নাসরানি, ইহুদীসহ বিভিন্ন শরীয়াতের সমন্বয়ে গঠিত একটি সংবিধান। তাতে এমন অনেক বিধানও আছে, যা সে শুধুমাত্র নিজের দৃষ্টিভঙ্গি ও চিন্তা থেকেই গ্রহণ করেছে। আর সেটাই তার সম্প্রদায়ের নিকট পরিণত হয়েছে অনুসরণীয় একটি সংবিধানরূপে। ইয়াসিককে তারা আল্লাহর কিতাব ও রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সুন্নাহর উপর প্রাধান্য দেয়। যে ব্যক্তি এমন কাজ করবে সে কাফের হয়ে যাবে। তার বিরুদ্ধে কিতাল করা ওয়াজিব, যতক্ষণ না সে আল্লাহর কিতাব ও রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সুন্নাহর দিকে ফিরে আসে, এবং কম হোক বেশি হোক কোন অবস্থাতেই আল্লাহর বিধান ছাড়া অন্য কোন বিধান দ্বারা ফয়সালা না করে। [তাফসীর ইবনে কাসীর, খন্ড:৩, পৃ: ১৩১]

ইবনে কাসীর (রহঃ) আরো বলেন:

وفي كله مخالفة لشرائع الله المنزلة على عباده الأنبياء عليهم الصلاة والسلام، فمن ترك الشرع المحكم المنزل على محمد بن عبد الله خاتم الأنبياء وتحاكم إلى غيره من الشرائع المنسوخة كفر، فكيف بمن تحاكم إلى الياسا وقدمها عليه؟ من فعل ذلك كافر بإجماع المسلمين

ইয়াসিকের সকল বিধান নবীগণের উপর আল্লাহ তায়ালার অবতীর্ণ শরীয়াতের বিপরীত। আর যে ব্যক্তি সর্বশেষ নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর অবতীর্ণ সুদৃঢ় শরীয়াতকে ছেড়ে দিবে এবং অন্য কোন রহিত শরীয়াতের নিকট বিচার চাইবে সে কাফের হয়ে যাবে। তাই ঐ ব্যক্তির বিধান কি হতে পারে যে ইয়াসিকের নিকট বিচার প্রার্থনা করে এবং শরীয়াতের উপর প্রাধান্য দেয়? যে ব্যক্তি এমন কাজ করবে সে সকল মুসলমানদের ঐকমত্যে কাফের বলে গণ্য হবে। [আল-বেদায়া ওয়ান-নেহায়া, খন্ড:১৩, পৃষ্ঠা:১৩৯]

নির্দেশনা:

ইতিহাস ঘাটলে দেখা যায় তাতারদের ইয়াসিক নামক সংবিধানের চেয়ে বর্তমান সংবিধানগুলো আরো নিকৃষ্ট নিম্নমানের কেননা ইয়াসিকের মাঝে তো অপরাধগুলোকে অপরাধ বলে স্বীকার করা হয়েছে ও তার শাস্তি বিধান করা হয়েছে, যদিও তা ছিল কুরআন সুন্নাহর বিপরীত। কিন্তু আমাদের বর্তমান সংবিধানগুলো তো অপরাধগুলোকে অপরাধ বলেই আখ্যায়িত করে নাই বরং অনেক অপরাধকে ভাল কাজ হিসেবে সাব্যস্ত করেছে। ইয়াসিকের অনুসারীদের অবস্থাই যদি এই হয় তাহলে তার চেয়ে নিকৃষ্ট সংবিধান রচনাকারীদের বিধান কি?

২. ইমাম রাজি (রহঃ) এর ফতওয়া:

ইমাম রাজি (রহঃ) বলেন:

قوله تعالى (فليحذر الذين يخالفون عن أمره أن تصيبهم فتنة أو يصيبهم عذاب أليم)النور: 63) وهذا يدل على أن مخالفته معصية عظيمة، وفي هذه الآيات دلائل على أن من رد شيئا من أوامر الله أو أوامر الرسول عليه الصلاة والسلام فهو خارج عن الاسلام، سواء رده من جهة الشك أو من جهة التمرد، وذلك يوجب صحة ما ذهبت الصحابة إليه من الحكم بارتداد مانعي الزكاة وقتلهم وسبي ذراريهم

আল্লাহ তায়ালার বাণী: **অতএব যারা তাঁর নির্দেশের বিরুদ্ধাচারণ করে তারা যেন তাদের ওপর বিপর্যয় নেমে আসা অথবা যন্ত্রণাদায়ক আযাব পৌঁছার ভয় করে** [সূরা নূর: ৬৩]। এটিই প্রমাণ করে তাঁর বিরোধিতা একটি মহা অপরাধ। এই আয়াতগুলো এটিও প্রমাণ করে, যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রসূলের কোন একটি আদেশ প্রত্যাখ্যান করে সে ইসলাম থেকে বের হয়ে যায়, চাই সন্দেহবশত প্রত্যাখ্যান করুক বা ঔদ্ধত্য দেখিয়ে। এটি সাহাবায়ে কেরামের মতকে সত্য বলে সাব্যস্ত করে। তারা যাকাত প্রদানে অসম্মতি জ্ঞাপনকারীদেরকে মুরতাদ আখ্যায়িত করেছেন। তাদেরকে হত্যা ও তাদের পরিবার পরিজনকে বন্দী করেছেন। [তাফসীরে রাজী, খন্ড:৫, পৃষ্ঠা:২৫৯]

ফিক্বহে মালেকী

১. আল্লামা ইবনে আব্দিল বার (রহঃ) এর ফতওয়া:

আল্লামা ইবনে আব্দিল বার (রহঃ) বলেন:

فإنّ من ردّ ، وامتنع عن قبول حكم الله ـ تعالى ـ فهو كافر بالإجماع ، وإن كان مقرّاً بهذا الحكم ، "يقول إسحاق بن راهويه : وقد أجمع العلماء أن على من دفع شيئاً أنزله الله .. وهو مع ذلك مقر بما أنزل الله أنه كافر.

যে ব্যক্তি আল্লাহর বিধান মেনে নেয়া থেকে বিরত থাকে ও তা প্রত্যাখ্যান করে সে সর্বসম্মতিক্রমে কাফের হয়ে যায়, যদিও সে এ বিধানকে স্বীকার করে। ইসহাক বিন রাহওয়াইহ বলেন: সকল আলেমগণ এ ব্যাপারে একমত পোষণ করেছেন, যে ব্যক্তি আল্লাহর অবতীর্ণ কোন একটি বিধানকেও প্রত্যাখ্যান করে সে নিশ্চিতভাবে কাফের হয়ে যায়, যদিও সে সেটাকে আল্লাহর অবতীর্ণ বিধান বলে স্বীকার করে। [তামহীদ: ৪/২২৬]

একটু লক্ষ্য করুন, তিনি বলেছেন, আল্লাহর বিধান বলে স্বীকার করা সত্ত্বেও যদি সে প্রত্যাখ্যান করে তথাপি সকল ইমামগণের ইজমা অনুযায়ী সে কাফের হয়ে যায়।

২. ইমাম কুরতুবী (রহঃ) এর ফতওয়া:

ইমাম কুরতুবী (রহঃ) বলেন:

وإن نكثوا أيمانهم من بعد عهدهم (استدل بعض العلماء بهذه الآية على وجوب قتل من طعن في الدين إذ هو كافر, والطعن أن ينسب إليه ما لا يليق به, أو يعترض بالاستخفاف على ما هو من الدين لما ثبت من الدليل القطعي على صحة أصوله واستقامة فروعه

আর যদি তারা তাদের অঙ্গীকারের পর তাদের কসম ভঙ্গ করে.. .. [সূরা তাওবা: ১২]। কতিপয় আলেম উপরুক্ত আয়াত দ্বারা প্রমাণ পেশ করেন, যে ব্যক্তি দ্বীনের কোন বিষয় নিয়ে ভৎর্সনা করবে তাকে হত্যা করা ওয়াজীব কেননা উপরুক্ত ব্যক্তি কাফের। “তয়ান” বলা হয় দ্বীনের সাথে অসংলগ্ন কোন জিনিসকে সম্পর্কযুক্ত করা অথবা তাচ্ছিল্য ভরে (দ্বীনের কোন বিষয়কে) প্রত্যাখ্যান করা। তবে তা এমন অকাট্য দলিল দ্বারা প্রমাণিত দ্বীনি বিষয় হতে হবে যার মূলনীতি ও উপনীতি সবই সঠিক। [তাফসীরে কুরতুবী, খন্ড:৮, পৃষ্ঠা:৮২]

৩. ইমাম শানক্বিতী (রহঃ) এর ফতওয়া:

তাফসীরুল কুরআন বিল কুরআনের অন্যতম তাফসীর গ্রন্থ “আদওয়াউল বায়ান” প্রণেতা প্রখ্যাত মুফাস্‌সির ইমাম শানক্বিতী (রহঃ) স্বীয় তাফসীর গ্রন্থে সম্পূর্ণ স্পষ্টরূপে এ সমস্ত শাসকদের হুকুম বর্ণনা করেছেন।

তিনি আল্লাহ তায়ালার বাণী -

{إِنَّ هذا القرآن يهْدِي لِلَّتِي هِيَ أَقْوَمُ} [الإسراء : ٩]

নিশ্চয়ই এই কুরআন হিদায়াত করে সেই পথের দিকে যা সুদৃঢ়। [সূরা বনী ইসরাঈল: ৯]

এর ব্যাখ্যায় বলেছেন:

ومن هدي القرآن للتي هي أقوَم - بيانه أنه كل من اتبع تشريعاً غير التشريع الذي جاء به سيد ولد آدم محمد بن عبد الله صلوات الله وسلامه عليه. فاتباعه لذلك التشريع المخالف كفر بواح، مخرج عن الملة الإسلامية. ولما قال الكفار للنبي صلى الله عليه وسلم: الشاة تصبح ميتة من قتلها؟ فقال لهم: "الله قتلها" فقالوا له: ما ذبحتم بأيديهم حلال، وما ذبحه الله بيده الكريمة تقولون إنه حرام فأنتم إذن أحسن منالله!؟ أنزل الله فيهم قوله تعالى: {وَلَا تَأْكُلُوا مِمَّا لَمْ يُذْكَرِ اسْمُ اللَّهِ عَلَيْهِ وَإِنَّهُ لَفِسْقٌ وَإِنَّ الشَّيَاطِينَ لَيُوحُونَ إِلَى أَوْلِيَائِهِمْ لِيُجَادِلُوكُمْ وَإِنْ أَطَعْتُمُوهُمْ إِنَّكُمْ لَمُشْرِكُونَ}[121/6]

কুরআনের নির্দেশিত সুদৃঢ় পথ থেকে একটি হলো - কুরআন বর্ণনা করে দিয়েছে, যে ব্যক্তি আদম সন্তানদের সর্দার মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আনীত বিধান ব্যতিরেকে অন্য কোন বিধান অনুসরণ করে, নিশ্চিতভাবে এই বিপরীত বিধানের অনুসরণ স্পষ্ট কুফরি যা মিল্লাতে ইসলাম থেকে খারিজ করে দেয়। যখন কাফেররা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললো: ছাগল মৃত্যুবরণ করলে কে তাকে হত্যা করে? তিনি তাদেরকে বললেন, আল্লাহই তার মৃত্যু দেয়। তখন তারা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বললো, যা তোমরা নিজ হাতে হত্যা কর তা হালাল, আর যা আল্লাহ তায়ালা তার পবিত্র হাতে যবেহ করেন তাকে হারাম বলে আখ্যায়িত কর! তাহলে কি তোমরা আল্লাহর চেয়েও **শ্রেষ্ঠ!** আল্লাহ তাআলা তাদের ব্যাপারে অবতীর্ণ করলেন: **যেসব জন্তুর উপর আল্লাহর নাম উচ্চারিত হয় না, সেগুলো খেও না; এটা গোনাহ। নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদেরকে ওহী করে - যেন তারা তোমাদের সাথে তর্ক করে। যদি তোমরা তাদের আনুগত্য কর, নিশ্চয়ই তোমরা মুশরিক হয়ে যাবে।** [সূরা আনআম: ১২১] [তাফসীরে আদওয়াউল বায়ান, খন্ড:৩, পৃষ্ঠা:৪০]

আল্লাহ তায়ালার বাণী:

وَلَا يُشْرِكُ فِي حُكْمِهِ أَحَدًا [الكهف : ٢٦]

তিনি কাউকে নিজ বিধানের ক্ষেত্রে শরীক করেন না। [সূরা কাহাফ: ২৬]

এর ব্যাখ্যায় এ সমস্ত শাসকদের কুফরির ব্যাপারে একাধিক দলিল পেশ করার পর তিনি উল্লেখ করেন:

وبهذه النصوص السماوية التي ذكرنا يظهر غاية الظهور: أن الذين يتبعون القوانين الوضعية التي شرعها الشيطان على ألسنة أوليائه مخالفة لما شرعه الله جل وعلا على ألسنة رسله صلى الله عليهم وسلم، أنه لا يشك في كفرهم وشركهم إلا من طمس الله بصيرته، وأعماه عن نور الوحي مثلهم.

উপরে উল্লেখিত এ সমস্ত আসমানী দলিল-প্রমাণ দ্বারা পূর্ণরূপে স্পষ্ট হয়, নিশ্চয়ই যে সমস্ত ব্যক্তিরা ঐ প্রণীত সংবিধানের অনুসরণ করে যা শয়তান তার বন্ধুদের মাধ্যমে প্রণয়ন করেছে, যা আল্লাহ তাঁর রসূলের উপর যে সংবিধান অবতীর্ণ করেছেন তার বিপরীত, তাদের কুফরি ও শিরকের ব্যাপারে কোন সন্দেহের অবকাশ নেই। শুধু সেই ব্যক্তিই তাদের কুফরির ব্যাপারে সন্দেহ করতে পারে যার দৃষ্টিশক্তি আল্লাহ নষ্ট করে দিয়েছেন এবং যাকে ওহীর নূর থেকে অন্ধ করে রেখেছেন। [তাফসীরে আদওয়াউল বায়ান, খন্ড:৩, পৃষ্ঠা:২৫৯]

এ ছাড়াও তিনি উক্ত তাফসীর গ্রন্থের বিভিন্ন স্থানে অনেক দলিল পেশ করেন যার দ্বারা নিশ্চিতভাবে প্রতীয়মান হয় যে, এ সমস্ত শাসক ইসলামের গন্ডি থেকে খারিজ হয়ে গেছে।

ফিক্বহে হাম্বলী

১. আল্লামা ইবনে তাইমিয়াহ (রহঃ) এর ফতওয়া:

আল্লামা ইবনে তাইমিয়াহ (রহঃ) বলেন:

ومعلوم أن من أسقط الأمر والنهي الذي بعث الله به رسله فهو كافر باتفاق المسلمين

স্পষ্ট বিষয়, যে ব্যক্তি ঐ আদেশ ও নিষেধ সমূহকে রহিত করে যা দিয়ে আল্লাহ তায়ালা তাঁর রসূলদের প্রেরণ করেছেন সে সকল মুসলমানদের ঐকমত্যের ভিত্তিতে কাফের হয়ে যায়। [মাজমুয়ুল ফাতাওয়া: ৮/১০৬]

তিনি আরো বলেন:

والإنسان متى حلل الحرام – المجمع عليه – أوحرم الحلال – المجمع عليه – أوبدل الشرع – المجمع عليه – كان كافراً مرتداً باتفاق الفقهاء

মানুষ যদি এমন বিষয়কে হালাল করে যা সর্বসম্মতিক্রমে হারাম, অথবা এমন বিষয়কে হারাম করে যা সর্বসম্মতিক্রমে হালাল, অথবা ঐকমত্যের ভিত্তিতে প্রতিষ্ঠিত কোন শর'য়ী বিধানকে পরিবর্তন করে, তাহলে সে সকল ফুক্বাহাদের ঐকমত্যের ভিত্তিতে কাফের বা মুরতাদ হয়ে যায়। [মাজমূয়ুল ফাতওয়া, খন্ড:৩, পৃষ্ঠা:২৬৭]

তিনি আরো বলেন:

متى ترك العالم ما علمه من كتاب الله وسنة رسوله واتبع حكم الحاكم المخالف لحكم الله ورسوله كان مرتداً كافراً، يستحق العقوبة في الدنيا والآخرة، قال تعالى: {المص .كِتابٌ أُنْزِلَ إِلَيْكَ فَلاَ يَكُنْ في صَدْرِكَ حَرَجٌ مِنْهُ لِتُنْذِرَ بِهِ وَذِكْرَى لِلمُؤْمِنينَ . اتَّبِعوا ما أُنْزِلَ إِلَيْكُمْ مِنْ رَبِّكُمْ وَلاَ تَتَّبِعوا مِنْ دونِهِ أَوْلِياءَ قَلِيلاً ما تَذَكَّرونَ} ولو ضُرِب وحُبس وأُوذي بأنواع الأذى ليدع ما علمه من شرع الله ورسوله الذي يجب اتباعه واتبع حكم غيره؛ كان مستحقاً لعذاب الله، بل عليه أن يصبر وإن أوذي في الله؛

যখন কোন আলেম কিতাবুল্লাহ ও সুন্নাহ থেকে অর্জিত এলেম ছেড়ে দেয় এবং শাসকদের বিধানের অনুসরণ করে, যে বিধান আল্লাহ ও তার রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিধানের বিপরীত সে কাফের ও মুরতাদে পরিণত হয়। সে দুনিয়া ও আখেরাতে শাস্তির যোগ্য হবে। আল্লাহ তায়ালা বলেন: **আলিফ-লাম-মীম-সদ। এটি এমন কিতাব, যা তোমার প্রতি নাযিল করা হয়েছে। সুতরাং তার সম্পর্কে তোমার মনে যেন কোন সংকীর্ণতা না থাকে। যাতে তুমি তার মাধ্যমে সতর্ক করতে পার এবং তা মুমিনদের জন্য উপদেশ স্বরূপ। তোমাদের প্রতি তোমাদের রবের পক্ষ থেকে যা নাযিল করা হয়েছে, তোমরা তার অনুসরণ কর এবং তাকে ছাড়া অন্য অভিভাবকের অনুসরণ করো না। তোমরা সামান্যই উপদেশ গ্রহণ করে থাক।** [সূরা আ'রাফ: ১-৩]

যদি তাকে প্রহার করা হয়, বন্দী করা হয়, বিভিন্ন ধরনের শাস্তি প্রদান করা হয়, ফলে সে আল্লাহ ও তাঁর রসূলের শর'য়ী এলেমকে ছেড়ে দেয়, যার আনুগত্য ছিল ওয়াজীব, এবং অন্য কোন বিধানের অনুসরণ করে তথাপি সে আল্লাহর শাস্তির উপযুক্ত হবে। বরং তার উপর আবশ্যক হলো যদি আল্লাহর জন্য তাকে শাস্তিও দেওয়া হয় তবুও ধৈর্য্য ধারণ করা। [আল-মুন্তাখাব মিন কুতুবী শাইখিল ইসলাম, খন্ড:১, পৃষ্ঠা:১৩৪]

২. আল্লামা ইবনুল কাইয়্যিম (রহঃ) এর ফতওয়া:

وقد جاء القرآن، وصحّ الإجماع بأن دين الإسلام نسخ كل دين كان قبله، وأن من التزم ما جاءت به التوراة والإنجيل، ولم يتبع القرآن، فإنه كافر، وقد أبطل الله كل شريعة كانت في التوراة والإنجيل وسائر الملل، وافترض على الجن والإنس شرائع الإسلام، فلا

حرام إلا ما حرمه الإسلام، ولا فرض إلا ما أوجبه الإسلام .

কুরআনে বর্ণিত হয়েছে এবং উম্মাতের ইজমা দ্বারা প্রমাণিত হয়েছে, দ্বীনে ইসলাম পূর্ববর্তী সকল দ্বীনকে রহিত করেছে। যে ব্যক্তি তাওরাত ও ইনজিলের বিধি-বিধান আঁকড়ে ধরবে আর কুরআনের অনুসরণ ছেড়ে দেবে সে কাফের। তাওরাত, ইনজিল ও অন্যান্য সকল জাতির প্রতিটি শরীয়াতকেই আল্লাহ তায়ালা বাতিল করেছেন এবং মানুষ ও জ্বিন জাতির উপর ইসলামি শরীয়াতকেই ফরজ

করেছেন। সুতরাং হারাম শুধু সেটাই যেটাকে ইসলাম হারাম করেছে আর ফরজও সেটাই যেটাকে ইসলাম ফরজ করেছে। [আহকামু আহলে জিম্মাহ, খন্ড:২, পৃষ্ঠা:৫৩৩]

আল্লাহ প্রদত্ত আসমানী রহিত কিতাব তাওরাত ও ইনজিলের অনুসরণের কারণে যদি কাফের হয়ে যায়, তাহলে নিজ হাতে সংবিধান রচনা ও মানুষের উপর তা চাপিয়ে দেয়ার পরেও কি মুসলমান থাকতে পারে?!!!

উম্মাতের অন্যান্য ফুক্কাহাগণের মতামত:

১. আল্লামা আহমদ শাকের (রহঃ) এর ফতওয়া:

গত শতাব্দীর একজন শ্রেষ্ঠ আলেম ও প্রখ্যাত মুহাদ্দিস, হাদীস শাস্ত্রে যার খিদমাত ও অবদান ভুলবার নয়, তিনি হলেন আহমদ শাকের (রহঃ); ফিক্বহে হানাফীতে যার ছিল অগাধ পান্ডিত্য। যিনি জামেয়া আযহার থেকে ফিক্বহে হানাফীর উপর আন্তর্জাতিক স্বীকৃতি সনদ লাভ করেছিলেন এবং ফিক্বহে হানাফী অনুযায়ী মিশরে প্রায় ২০ বছর ক্বাজী হিসেবে বিচার ফয়সালা করেন। তিনি তার বিভিন্ন লেখনীতে এ সমস্ত শাসকদের কুফরির বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ করেছেন। যেমন তিনি বলেন:

نري في بعض بلاد المسلمين قوانين ضربت عليها، نقلت عن أوربة الوثنية الملحدة، وهي قوانين تخالف الإسلام مخالفة جوهرية في كثير من أصولها وفروعها، بل إن في بعضها ما ينقض الإسلام ويهدمه، وذلك أمر واضح بديهي، لايخالف فيه إلا من يغالط نفسه، ويجهل دينه أويعاديه من حيث لايشعر، وهي في كثير من أحكامه أيضا توافق التشريع الإسلامي، أو لا تنافيه علي الأقل وإن العمل بها في بلادالمسلمين غير جائز، حتي في ما وافق التشريع الإسلامي، لأن من وضعها حين وضعها لم ينظر إلي موافقته للإسلام أو مخالفتها، إنما نظر إلي موافقته القوانين أوربة أو لمبادئها وقواعدها، وجعلها هي الأصل الذي يرجع إليه، فهو آثم مرتد بهذا، سواء أوضح حكمام وافقا للإسلام أومخالفا (كلمة الحق 95-96)

কিছু কিছু মুসলিম দেশে আমরা দেখতে পাই পৌত্তলিক পূজারী, নাস্তিক্যবাদী ইউরোপ থেকে আমদানীকৃত সংবিধান চাপিয়ে দেয়া হয়েছে। অথচ তা এমন এক সংবিধান যা ইসলামের শাখাগত ও মৌলিক অনেক বিধানের সাথেই সাংঘর্ষিক। তাতে তো এমন কিছু বিধানও রয়েছে যা ইসলামকে নস্যাৎ ও ধ্বংস করে ফেলে। এ বিষয়টি দ্ব্যর্থহীনভাবে স্পষ্ট। এ ব্যাপারে শুধু ঐ ব্যক্তিই দ্বিমত পোষণ করতে পারে যে দ্বীন সম্পর্কে অজ্ঞ হওয়ার কারণে নিজের সাথে প্রতারণা করছে। অথবা সে দ্বীনের বিরোধিতা করছে অথচ তা অনুভব করতে সক্ষম হচ্ছে না। হ্যাঁ, তার অনেক বিধান ইসলামি শরীয়াতের সাথে সামঞ্জস্য রাখে। অথবা এতটুকু যে, একটি আরেকটির সাংঘর্ষিক নয়। মুসলিম দেশগুলোতে এই সংবিধান কার্যকর করা কোনভাবেই বৈধ নয়। এমনকি সে বিধানগুলোও নয়, যেগুলো ইসলামের সাথে সাংঘর্ষিক নয়। কেননা যে বা যারা এই সংবিধান রচনা করেছে তারা লক্ষ্য করেনি যে, এটা ইসলামের সাথে সামঞ্জস্যতা রাখছে নাকি সাংঘর্ষিক হচ্ছে। বরং তারা লক্ষ্য করেছে যে তা পশ্চিমাদের সংবিধানের সাথে অথবা তার মৌলিক দিকগুলোর সাথে সাংঘর্ষিক হচ্ছে কি হচ্ছে না? এবং ওটাকেই মূল ভিত্তি রূপে গ্রহণ করছে। অতএব উক্ত ব্যক্তি এ কাজের দ্বারা পাপিষ্ঠ মুরতাদে পরিণত হবে। চাই তার রচিত বিধান ইসলামের সাথে সামঞ্জস্যতা রাখুক বা সাংঘর্ষিক হোক। [কালিমাতুল হক্ব : ৯৫-৯৬]

তিনি আরো বলেন:

إن الأمر في هذه القوانين الوضعية واضح وضوح الشمس، هي كفر بواح، لا خفاء فيه ولا مداورة. ولا عذر لأحد ممن ينتسب للإسلام - كائناً من كان - في العمل بها أو الخضوع لها أو إقرارها. فليحذر امرؤ لنفسه، "وكل امرئ حسيب نفسه". ألا فليصدع العلماء بالحق غير هيابين،وليبلغوا ما أمروا بتبليغه، غير موانين ولا مقصرين.سيقول عني عبيد هذا "الياسق العصري" وناصروه إني جامد وإني رجعي، وما إلى ذلك من الأقاويل. ألا فليقولوا ما شاءوا، فما عبأت يوماً ما بما يقال عني، ولكني قلت ما يجب أن أقول"اهـ .

নিঃসন্দেহে এই সমস্ত প্রণীত সংবিধানের হুকুম দিবালোকের ন্যায় সুস্পষ্ট। এটি হলো كفر بواح সুস্পষ্ট কুফরি। এ ব্যাপারে কোন ধরনের গোপনীয়তা ও প্রতারণার অবকাশ নেই। মুসলমান দাবীদার কোন ব্যক্তির জন্য এ ধরনের কাজে লিপ্ত হওয়া বা এই

সংবিধানসমূহের আনুগত্য করা বা এগুলোকে স্বীকৃতি দেওয়ার কোনই সুযোগ নেই, সে যেই হোক না কেন। তার কোন অজুহাতই গ্রহণযোগ্য হবে না। সুতরাং প্রত্যেক ব্যক্তি যেন নিজ ব্যাপারে সতর্ক থাকে। আর প্রত্যেকেই নিজ নিজ হিসাব প্রদান করবে। সাবধান! উলামাগণ যেন নির্ভীকভাবে সত্যকে প্রকাশ করেন। তাদেরকে যা প্রচারের নির্দেশ দেয়া হয়েছে তা প্রচার করেন। তাতে কোন কম বেশি না করেন। "শতাব্দীর ইয়াসিক" কুফরি সংবিধানের গোলাম ও সহায়তাকারীরা অচিরেই আমার সম্পর্কে বলতে থাকবে সে তো নির্জীব নিস্পৃহ পশ্চাদমুখী। আরো কতই না নিন্দাবাদ। হায়! মনে রেখ তারা যা খুশি বলতে থাক! যা বলার বলুক, আমি কখনোই তা পরোয়া করি না। বরং আমি তো তাই বলেছি যা বলা ছিল আমার উপর ওয়াজিব। [উমদাতুত তাফসীর, খন্ড:৪, পৃষ্ঠা:১৭৩-১৭৪]

তিনি আরো বলেন:

ومن حكم بغيرما أنزل الله عامدا عارف فهو كافر. ومن رضي عن ذلك وأقره فهو كافر, سواء أحكم بما يسميه شريعة أهل الكتاب أم بما يسميه تشريعا وضعيا. فكله كفر و خروج من الملة, أعاذن االله من ذلك

যে ব্যক্তি স্বেচ্ছায় জেনে শুনে আল্লাহর বিধান ব্যতিরেকে ভিন্ন বিধানে বিচার ফয়সালা করে সে কাফের। যে এ ব্যাপারে সন্তুষ্টি প্রকাশ করে বা স্বীকৃতি প্রদান করে সেও কাফের। চাই সে এমন বিধান দ্বারা ফয়সালা করুক যাকে আহলে কিতাবের শরীয়াত হিসাবে গণ্য করা হয়, বা মানব রচিত বিধান বলে ধর্তব্য হয়। এর প্রতিটিই কুফরি যা ইসলাম থেকে বের করে দেয়। আল্লাহ তায়ালা আমাদেরকে এ ধরনের কাজ থেকে রক্ষা করুন। [দেখুন: শায়খের তাহকীককৃত মুসনাদে আহামাদ, ৭৭৪৭ নং হাদীসের প্রাসঙ্গিক আলোচনা]

<u>২. আল্লামা মাহমুদ শাকের (রহঃ) এর ফতওয়া:</u>

আল্লামা আহমদ শাকের (রহঃ) এর ভাই আল্লামা মাহমুদ শাকের (রহঃ) বলেন:

فهذا الفعل إعراض عن حكم الله، ورغبة عن دينه وإيثار لأحكام أهل الكفرعلى حكم الله سبحانه وتعالى، وهذا كفر لايشك أحد من أهل القبلة على اختلافه في تكفيرالقائل به والداعي إليه. والذي نحن فيه اليوم هو هجر لأحكام الله عامة بلا استثناء، وإيثار حكم غير حكمه في كتابه وسنة نبيه، وتعطيل لكل ما في شريعة الله، بل بلغ الأمر مبلغ الاحتجاج على تفضيل أحكام القانون الموضوع على أحكام الله المنزلة، وإدعاء المحتجين بذلك بأن أحكام الشريعة إنما نزلت لزمان غير زماننا، ولعلل وأسباب انقضت فسقطت الأحكام كلها بانقضائها.)اهـ

এ ধরনের কাজ (নতুনভাবে সংবিধান রচনা) হচ্ছে আল্লাহর বিধানকে উপেক্ষা, তাঁর দ্বীনের ব্যাপারে অগ্রাহ্যতা প্রকাশ এবং মহান আল্লাহ তায়ালার বিধানের উপর কাফেরদের বিধানকে প্রাধান্য প্রদান। এ সকল কাজ কুফর। কোনো মুসলমান, চাই সে যে মতেই বিশ্বাসী হোক, এর প্রবক্তা এবং এর দিকে আহ্বানকারীর কাফের হওয়ার ব্যাপারে সন্দেহ পোষণ করতে পারে না।

আমাদের সমাজের বর্তমান অবস্থা হচ্ছে এই যে, কোন প্রকার বাছ-বিচার ব্যতীত সম্পূর্ণরূপে আল্লাহর বিধান সমূহকে বর্জন করা হচ্ছে। আল্লাহর কিতাব কুরআন ও তার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সুন্নাহর বর্ণিত বিধানের বিপরীত বিধানকে অগ্রাধিকার দেয়া হচ্ছে। পূর্ণরূপে আল্লাহর শরীয়াতকে ছুঁড়ে ফেলা হয়েছে। এবং বিষয়টি এমন চরম পর্যায়ে উপনীত হয়েছে যে, আল্লাহর নাযিলকৃত বিধানের উপর মানব রচিত বিধানকে যুক্তি দেখিয়ে প্রাধান্য দেয়া হচ্ছে। যুক্তি প্রদানকারীরা এ দাবী করছে যে, ইসলামী শরীয়াত অবতীর্ণ হয়েছে ভিন্ন এক সময়ে। এবং এমন কিছু কারণে অবতীর্ণ হয়েছে যা ফুরিয়ে গেছে। সুতরাং সে সব কারণ আজ বর্তমান না থাকার কারণে বিধানগুলো বাতিল হয়ে যাবে। [উমদাতুত তাফসীর, খন্ড:৪, পৃষ্ঠা:১৫৭]

<u>৩. আল্লামা মুহাম্মাদ হামেদ আল-ফাক্কি (রহঃ) এর ফতওয়া:</u>

ومثل هذا وشرّ منه من اتّخذ من كلام الفرنجة قوانين يتحاكم إليها في الدّماء والفروج والأموال ويقدّمها على ما علم، وتبيّن له من كتاب الله وسنّة رسوله صلّى الله عليه وسلّم، فهو بلا شكّ كافر مرتدّ إذا أصرّ عليها، ولم يرجع إلى الحكم بما أنزل الله ولا ينفعه أيّ اسم تسمّى به ولا أيّ عمل من ظواهر أعمال الصّلاة والصيّام والحجّ ونحوها(

(তিনি ইবনে কাসীর (রহঃ) এর উপরক্ত ফতওয়া উল্লেখ করে বলেন) এর (ইয়াসিকের অনুসারিদের) মত অথবা আরো জঘন্য অবস্থা হলো ঐ ব্যক্তির, যে পশ্চিমাদের বাণীকে সংবিধান রূপে গ্রহণ করে, জান, মাল, ইজ্জতের ব্যাপারে তার কাছেই বিচার দায়ের করে৷ কিতাবুল্লাহ ও সুন্নাহ থেকে যা তার সামনে স্পষ্ট হয়েছে, যা সে জানতে পেরেছে তার উপর সে উক্ত সংবিধানকেই অগ্রাধিকার প্রদান করে৷ নি:সন্দেহে সে কাফের ও মুরতাদ বলে বিবেচিত হবে, যদি সে এর উপর অটল থাকে এবং আল্লাহর বিধানের দিকে ফিরে না আসে৷ তাকে যে নামেই অবহিত করা হোক তা তার কোন কাজে আসবে না৷ নামাজ, রোযা, হজ্বের ন্যায় কোন প্রকাশ্য আমলও তার উপকার করবে না৷ [ফাতহুল মাজীদ, পৃষ্ঠা:৩৯৬]

জাহিরী ফুক্বাহাগণের ফতওয়া

<u>আল্লামা ইবনে হাযম (রহঃ) এর ফতওয়া:</u>

<u>ফতওয়া নং ১:</u>

لاخلاف بين اثنين من المسلمين أن هذا منسوخ وأن من حكم بحكم الإنجيل مما لم يأت بالنص عليه وحي في شريعة الإسلام فإنه كافر مشرك خارج عن الإسلام)الإحكام في أصول الأحكام)

মুসলমানদের মাঝে কোন ধরনের দ্বিমত নেই যে, এটা (ভিন্ন শরীয়াত সমূহ) রহিত এবং এ ব্যাপারেও দ্বিমত নেই যে, যে ব্যক্তি ইনজিলের এমন বিধান দ্বারা বিচার ফয়সালা করে যার ব্যাপারে ইসলামী শরীয়াতে কোন ওহী আসেনি, সে কাফের মুশরিক; ইসলাম থেকে খারিজ। [আল ইহকাম ফি উসূলিল আহকাম, খন্ড:৫, পৃষ্ঠা:৬২]

<u>ফতওয়া নং ২:</u>

فمن أحل ما حرم الله تعالى وهو عالم بأن الله تعالى حرمه فهو كافر بذلك الفعل نفسه وكل من حرم ما أحل الله تعالى فقد أحل ما حرم الله عز وجل لأن الله تعالى حرم على الناس أن يحرموا ما أحل الله) الفصل في الملل والأهواء والنحل)

যে ব্যক্তি আল্লাহ কর্তৃক হারামকৃত কোন বস্তু হালাল করে আর সে জানে যে আল্লাহ তায়ালা তা হারাম করেছেন, সে শুধু এ কাজের কারণেই কাফের হয়ে যায়৷ যে ব্যক্তিই আল্লাহর হালালকৃত বস্তুকে হারাম করল সেই আল্লাহর হারামকৃত বস্তুকে হালাল করল৷ কেননা আল্লাহ তায়ালা মানুষের উপর হারাম করেছেন যে তারা আল্লাহর হালালকৃত বস্তুকে হারাম করবে৷ [আল ফাস্‌ল ফিল মিলাল ওয়াল আহওয়া ওয়ান নিহাল, খন্ড:৩, পৃষ্ঠা:১১৪]

<u>ফতওয়া নং ৩:</u>

إحداث الأحكام لا يخلو من أحد أربعة أوجه إما إسقاط فرض لازم كإسقاط بعض الصلاة أو بعض الصيام أو بعض الزكاة أو بعض الحج أو بعد حد الزنى أو حد القذف أو إسقاط جميع ذلك وإما زيادة في شيء منها أو إحداث فرض جديد وإما إحلال محرم كتحليل لحم الخنزير والخمر والميتة وإما تحريم محلل كتحريم لحم الكبش وما أشبه ذلك

وأي هذه الوجوه كان فالقائل به مشرك لاحق باليهود والنصارى والفرض على كل مسلم قتل من أجاز شيئا من هذا دون استتابة ولا قبول توبة إن تاب واستصفاء ماله لبيت مال المسلمين لأنه مبدل لدينه وقد قال صلى الله عليه وسلم من بدل دينه فاقتلوه ومن الله تعالى نعوذ من غضبه لباطل أدت إلى مثل هذه المهالك (الإحكام في أصول الأحكام)

নতুন বিধান প্রণয়ন চার ধরনের হতে পারে,

১. হয়তো কোন আবশ্যকীয় ফরজকে বাদ দেওয়া হবে, যেমন: কোন নামাজ, রোজা, যাকাতকে রহিত করা, অথবা যেনা, কজফ (যেনার ব্যাপারে মিথ্যারোপ করা) এর কোন একটি হুদুদকে নিষিদ্ধ করা৷ বা সবগুলোকেই রহিত করা৷

২. এগুলোর কোন একটির মাঝে অতিরিক্ত করা বা নতুন কোন ফরজ সৃষ্টি করা৷

৩. কোন হারামকে হালাল করা যেমন: শুকরের গোস্ত, মদ বা মৃত প্রাণীকে হালাল করা।

৪. কোন হালালকে হারাম করা যেমন: মেষের গোস্ত বা এ ধরনের অন্য পশুকে হারাম করা।

এই প্রকারগুলোর কোন একটির পক্ষে যে ব্যক্তি কথা বলবে সে মুশরিকে পরিণত হবে। ইহুদী নাসারাদের অন্তর্ভূক্ত হবে। প্রত্যেক মুসলমানের উপর ফরজ হলো, যে ব্যক্তি এগুলোর কোন একটাকে বৈধতা প্রদান করে তাকে তাওবার সুযোগ না দিয়ে হত্যা করে ফেলা। সে যদি তাওবা করে তাহলে তার তাওবা গ্রহণ করা হবে না। তার সকল মাল মুসলমানদের বাইতুল মালে জমা করতে হবে। কেননা সে তার দ্বীনকে পরিবর্তন করেছে। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যে তার দ্বীন পরিবর্তন করে তাকে হত্যা করে ফেলা।" [আল ইহকাম ফি উসূলিল আহকাম, খন্ড:৬, পৃষ্ঠা:২৬৪]

নজদী আলেমগণের ফতওয়া

১. শায়েখ মুহাম্মাদ বিন ইব্রাহীম আলে শেখ (রহঃ) এর ফতওয়া:

لو قال من حكم القانون أنا أعتقد أنه باطل فهذا باطل لا أثر له ، بل هو عزل للشرع ، كما لو قال أحد أنا أعبد الأوثان واعتقد أنها باطل وأما إذا جعل قوانين بترتيب وتخضيع فهو كفر وأن قالوا أخطأنا وحكم الشرع أعدل

যদি বিধান প্রণয়নকারী বলে আমি বিশ্বাস রাখি এটা বাতিলযোগ্য, তার এ কথা ধর্তব্য হবে না। তার এই কাজ হবে শরীয়াতকে প্রত্যাখ্যান , তার কথাটি হবে ঐ ব্যক্তির ন্যায় যে মূর্তি পূজা করে, আর বলে আমি বিশ্বাস করি এটা বাতিল। আর যখন সে ধারাবাহিকভাবে একনিষ্ঠতার সাথে আইন প্রণয়ন করবে তখন সে কাফের হয়ে যাবে যদিও সে বলে, আমি (এই কাজটি) ভুল করছি আর শরীয়াতের বিধানই অধিক ইনসাফপূর্ণ। [আল-ফাতাওয়া, খন্ড:১২, পৃষ্ঠা:২৮০]

২. হামদ বিন আতীক আন-নজদী (রহঃ) এর ফতওয়া:

আল্লাহ তায়ালার বাণী:

{أفحكم الجاهلية يبغون؟ ومن أحسن من الله حكماً لقوم يوقنون؟}

তারা কি জাহিলিয়্যাতের বিধি-বিধান কামনা করে? বিশ্বাসী সম্প্রদায়ের জন্য আল্লাহ অপেক্ষা কে শ্রেষ্ঠতর বিধানদানকারী? [সূরা মায়িদাহ: ৫০]

এ আয়াতের ব্যাখ্যায় তিনি তৎকালীন যাযাবরদের কথা আলোচনা করেন, যারা কুরআন সুন্নাহ্র বদলে নিজেদের পূর্বপুরুষ রচিত বিধান দ্বারা বিচারকার্য সম্পাদন করতো, তিনি বলেন:

ومثل هؤلاء ما وقع فيه عامة البوادي ومن شابههم من تحكيم عادات آبائهم، وما وضعه أوائلهم من الموضوعات الملعونة التي يُسمونها شرع الرفاقة يقدمونها على كتاب الله وسنة رسوله صلي الله عليه وسلم ومن فعل ذلك فإنه كافر يجب قتاله حتى يرجع إلى حكم الله تعالى ورسوله صلي الله عليه وسلم.

বর্তমান বেদুঈন যাযাবররা ও তাদের মতো যারা আছে তারাও এই একই অবস্থার মধ্যে নিমজ্জিত, যারা পূর্বপুরুষদের রেখে যাওয়া রীতি-নীতি অনুসারে বিচার ফায়সালা করে। তাদের পূর্বপুরুষরা কিছু অভিশপ্ত বানোয়াট বিধান রচনা করেছিল, যাকে তারা রিফাকাহ বলে অবহিত করে। কিতাবুল্লাহ ও সুন্নাহ্র উপর এগুলোকে তারা প্রাধান্য দিয়ে থাকে। যে ব্যক্তি এ ধরনের কাজ করবে সে কাফের বলে বিবেচিত হবে। তার বিরুদ্ধে কিতাল করা ওয়াজিব হবে, যতক্ষণ না সে আল্লাহ তায়ালা ও তাঁর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিধানের দিকে ফিরে আসে। [সাবীলুন নাজাত, পৃষ্ঠা:৮৪]

৩. শায়েখ আব্দুর রহমান বিন হাসান (রহঃ) এর ফতওয়া:

...فمن خالف ما أمر الله به ورسوله صلي الله عليه وسلم بأن حكم بين الناس بغير ما أنزل الله، أو طلب ذلك اتباعاً لما يهواه ويريده فقد خلع ربقة الإسلام والإيمان من عنقه وإن زعم أنه مؤمن،

আল্লাহ রব্বুল আলামীন তাঁর বান্দাদের উপর যা অবতীর্ণ করেছেন তার বিপরীত বিধান দ্বারা মানুষের মাঝে বিচার ফায়সালা করে যে আল্লাহ ও তাঁর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিরোধিতা করবে, অথবা নিজ উদ্দেশ্য পূরণ ও প্রবৃত্তির তাড়নায় তা করতে চাইবে সে ইসলাম ও ঈমানের বন্ধনীকে নিজ ঘাড় থেকে খুলে ফেললো। যদিও সে দাবী করে, সে মুমিন। [ফাতহুল মাজীদ, পৃষ্ঠা:৩৮১]

সমকালীন আরব আলেমগণের ফতওয়া

১. শায়েখ বিন বায (রহঃ) এর ফতওয়া:

শায়েখ বিন বায (রহঃ) বলেন:

إن الدعوة إليها والتكتل حول رايتها يفضي بالمجتمع ولا بد إلى رفض حكم القرآن ، لأن القوميين غير المسلمين لن يرضوا تحكيم القرآن ، فيوجب ذلك لزعماء القومية أن يتخذوا أحكاما وضعية تخالف حكم القرآن حتى يستوي مجتمع القومية في تلك الأحكام ، وقد صرح الكثير منهم بذلك كما سلف ، وهذا هو الفساد العظيم ، والكفر المستبين والردة السافرة ، كما قال تعالى : { فَلَا وَرَبِّكَ لَا يُؤْمِنُونَ حَتَّى يُحَكِّمُوكَ فِيمَا شَجَرَ بَيْنَهُمْ ثُمَّ لَا يَجِدُوا فِي أَنْفُسِهِمْ حَرَجًا مِمَّا قَضَيْتَ وَيُسَلِّمُوا تَسْلِيمًا } وقال تعالى : { أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِقَوْمٍ يُوقِنُونَ } وقال تعالى : { وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ } وقال تعالى : { وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الظَّالِمُونَ } وقال تعالى : { وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْفَاسِقُونَ } وكل دولة لا تحكم بشرع الله ، ولا تنصاع لحكم الله ولا ترضاه فهي دولة جاهلية كافرة ظالمة فاسقة بنص هذه الآيات المحكمات،

জাতীয়তাবাদের দিকে আহ্বান ও তার পতাকাতলে জোটবদ্ধতা নিশ্চিতভাবে সমাজকে কুরআনের বিধান প্রত্যাখানের দিকে ধাবিত করে। আর তা জাতীয়তাবাদের দাবীদারদের জন্য কুরআন বিরোধি মানব রচিত বিধি-বিধান গ্রহণকে আবশ্যক করে। এমনকি জাতীয়তাবাদীরা শেষ পর্যন্ত উক্ত বিধানগুলোকেই স্থির করে নেয়। যেমনটি পূর্বে তাদের অনেকের থেকেই তা প্রকাশ পেয়েছে। আর এটি মহা ভ্রান্তি, স্পষ্ট কুফর ও নিশ্চিত রিদ্দাহ (দ্বীন ত্যাগ)। .... (এরপর শায়েখ এ সংক্রান্ত দলিল উল্লেখ করে বলেন) যে রাষ্ট্রই আল্লাহর শরীয়াত দ্বারা দেশ পরিচালনা করে না, আল্লাহর বিধানের আনুগত্য করে না, আল্লাহর বিধানে সম্মত হয় না, সেটাই জাহিলী, কুফরি, ফিসকী ও জালিম রাষ্ট্র। উক্ত মুহকাম আয়াতগুলো তাই স্পষ্ট করে। [নাকদুল কউমিয়্যাতিল আরাবিয়্যাহ, পৃষ্ঠা:৩৯]

তিনি আরো বলেন:

وفي حال الاختلاف والتنازع الخاص والعام، سواء كان بين دولة وأخرى، أو بين جماعة وجماعة، أو بين مسلم وآخر، الحكم في ذلك كله سواء، فالله سبحانه له الخلق والأمر، وهو أحكم الحاكمين، ولا إيمان لمن اعتقد أن أحكام الناس وآراءهم خير من حكم الله ورسوله، أو تماثله وتشابهه، أو أجاز أن يحل محلها الأحكام الوضعية والأنظمة البشرية، وإن كان معتقدا بأن أحكام الله خير وأكمل وأعدل..(فتاوى)

দ্বন্দ্ব ও বিবাদ, চাই তা নির্দিষ্ট হোক বা বিস্তর, দুই রাষ্ট্রের মাঝে হোক বা দুই দলের মাঝে অথবা দুজন মুসলমানের মাঝে, সর্বক্ষেত্রেই বিধান সমান। সৃষ্টি ও বিধান শুধুমাত্র আল্লাহ তায়ালার জন্য যিনি আহকামুল হাকিমীন (সকল বিচারকের বিচারক)। ঐ ব্যক্তি ঈমানদার নয়:

১. যে মনে করে মানব রচিত বিধি-বিধান বা মতামত আল্লাহ ও তাঁর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিধানের চেয়ে শ্রেষ্ঠ।

২. অথবা এগুলোকে আল্লাহর বিধি-বিধানের অনুরূপ ও সামঞ্জস্যপূর্ণ মনে করে।

৩. আল্লাহর বিধি-বিধানের স্থানে মানব রচিত বিধি-বিধান ও আইন-কানুন প্রণয়নের বৈধতা প্রদান করে। যদিও সে বিশ্বাস রাখে আল্লাহর বিধি-বিধানই উত্তম, শ্রেষ্ঠ ও ইনসাফপূর্ণ। [মাজমূয়ু ফাতাওয়া ইবনে বায, অধ্যায়: ওয়ূবু তাহকীমি হুকমিল্লাহ, খন্ড:১, পৃষ্ঠা: ৭৯]

২. শায়েখ মুহাম্মাদ বিন সলেহ আল-উসাইমীন (রহঃ) এর ফতওয়া:

শায়েখ উসাইমীন (রহঃ) বলেন:

وبناء على هذا نقول إن الذين يحكمون القوانين الآن ويتركون وراءهم كتاب الله وسنة رسوله صلى الله عليه وسلم ما هم بمؤمنين ليسوا بمؤمنين لقول الله تعالى } فلا وربك لا يؤمنون حتى يحكموك فيما شجر بينهم { ولقوله } ومن لم يحكم بما أنزل الله فأولئك هم الكافرون { وهؤلاء المحكمون للقوانين لا يحكمونها في قضية معينة خالفوا فيها الكتاب والسنة لهوى أو لظلم ولكنهم استبدلوا الدين بهذه القوانين جعلوا هذا القانون يحل محل شريعة الله وهذا كفر حتى لو صلوا وصاموا وتصدقوا وحجوا فهم كفار ما داموا عدلوا عن حكم الله وهم يعلمون بحكم الله إلى هذه القوانين المخالفة له } فلا وربك لا يؤمنون حتى يحكموك فيما شجر بينهم ثم لا يجدوا في أنفسهم حرجا مما قضيت ويسلموا تسليما

উপরক্ত দলিলের উপর ভিত্তি করে আমরা বলছি, যে সকল ব্যক্তি আল্লাহর কিতাব ও রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সুন্নাহকে পিছনে ফেলে রেখে বর্তমানে আইন প্রণয়ন করছে, তারা মুমিন নয়, নিশ্চয় তারা ঈমানদার নয়। কেননা আল্লাহ তায়ালা বলেন: **কিন্তু না তোমার রবের কসম, তারা মুমিন হবে না যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে বিচারক নির্ধারণ করে** [সূরা নিসা: ৬৫]। এই সমস্ত বিধান প্রণয়নকারীরা তো এমন নয় যে তারা নির্দিষ্ট কোন একটি বিষয়ে অন্যায়ভাবে প্রবৃত্তির তাড়নায় কুরআন ও সুন্নাহর বিপরীত আইন প্রণয়ন করছে। এরা তো এই সমস্ত বিধান দ্বারা দ্বীনকে পরিবর্তন করছে। আল্লাহর শরীয়াতের স্থানে এই সমস্ত বিধান বাস্তবায়ন করছে। তাদের এই কাজ কুফরি যদিও বা তারা নামাজ পড়ে, রোজা রাখে, হজ্ব করে, যাকাত দেয়, তথাপি তারা কাফের, যতক্ষণ তারা আল্লাহর বিধান থেকে মুখ ফিরিয়ে রাখে। অথচ এরা আল্লাহর বিধানের বিপরীত বিধান সমূহের ব্যাপারে আল্লাহর হুকুম সম্পর্কে জ্ঞাত। **কিন্তু না তোমার রবের কসম, তারা মুমিন হবে না যতক্ষণ না তাদের মধ্যে সৃষ্ট বিবাদের ব্যাপারে তোমাকে বিচারক নির্ধারণ করে, অতঃপর তুমি যে ফয়সালা দেবে সে ব্যাপারে নিজেদের অন্তরে কোন দ্বিধা-সংকোচ অনুভব না করে এবং পূর্ণরূপে আত্মসমর্পণ করে** [সূরা নিসা: ৬৫]। [শরহু রিয়াদুস সলেহীন, অধ্যায়: ফিল আমরি বিল-মুহাফাজাতি আলাস্ সুন্নাহ্, খন্ড:১, পৃষ্ঠা:১৭৪]

৩. শায়েখ সলেহ আল মুনাজ্জিদ (দা.বা.) এর ফতওয়া:

تشريع الأحكام الوضعية المخالفة لحكم الله ورسوله في الدماء والأعراض والأموال ، كفر أكبر مخرج عن ملة الإسلام ، لا شك في ذلك ولا ريب ، ولا خلاف فيه بين علماء الإسلام ، فإن هذا التشريع منازعة لله تعالى في حكمه ، ومضادة له في شرعه ،

وقد قال تعالى : (أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللَّهُ) الشورى/21 . وقال سبحانه في طاعة من أباح الميتة: (وَلَا تَأْكُلُوا مِمَّا لَمْ يُذْكَرِ اسْمُ اللَّهِ عَلَيْهِ وَإِنَّهُ لَفِسْقٌ وَإِنَّ الشَّيَاطِينَ لَيُوحُونَ إِلَى أَوْلِيَائِهِمْ لِيُجَادِلُوكُمْ وَإِنْ أَطَعْتُمُوهُمْ إِنَّكُمْ لَمُشْرِكُونَ) الأنعام/121 . وقال سبحانه : (أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ يَزْعُمُونَ أَنَّهُمْ آمَنُوا بِمَا أُنْزِلَ إِلَيْكَ وَمَا أُنْزِلَ مِنْ قَبْلِكَ يُرِيدُونَ أَنْ يَتَحَاكَمُوا إِلَى الطَّاغُوتِ وَقَدْ أُمِرُوا أَنْ يَكْفُرُوا بِهِ وَيُرِيدُ الشَّيْطَانُ أَنْ يُضِلَّهُمْ ضَلَالًا بَعِيدًا . وَإِذَا قِيلَ لَهُمْ تَعَالَوْا إِلَى مَا أَنْزَلَ اللَّهُ وَإِلَى الرَّسُولِ رَأَيْتَ الْمُنَافِقِينَ يَصُدُّونَ عَنْكَ صُدُودًا) النساء/60، 61.

وإذا كان هذا حكم الله فيمن أراد التحاكم إلى الطاغوت ، فكيف بالطاغوت نفسه الذي يشرع من دون الله . وكيف لا يكون التشريع المخالف لشرع الله كفرا ، وهو لابد يتضمن تحليل الحرام ، وتحريم الحلال ، أو إعطاء المشرعين الحق في ذلك

، فلهم أن يحلوا ما شاءوا ، وأن يحرموا ما أرادوا ، وما اتفق عليه أغلبيتهم كان واجب التنفيذ ، يعاقب ويجرّم من يخالفه ، وهذا غاية الكفر

জান, মাল ও ইজ্জতের ক্ষেত্রে আল্লাহ ও তাঁর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর হুকুমের বিপরীত বিধান প্রণয়ন, যা ইসলাম থেকে খারিজ করে দেয়। এ ব্যাপারে কোন সংশয় বা সন্দেহের অবকাশ নেই। উম্মাতের উলামাদের মাঝে এ ব্যাপারে কোন ধরনের দ্বিমত নেই। কেননা বিধান প্রণয়ন আল্লাহ তায়ালার সাথে তার হুকুমের ক্ষেত্রে বিরোধিতা ও তার শরীয়াতের সাথে বৈপরীত্ব।

আল্লাহ তায়ালা বলেন: তাদের জন্য এমন কিছু শরীক আছে কি, যারা তাদের জন্য দ্বীনের এমন বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি? [সূরা শুরা: ২১]

যারা মৃত প্রাণীকে বৈধ বলে তাদের আনুগত্যের ব্যাপারে আল্লাহ তায়ালা বলেন:

যেসব জন্তুর উপর আল্লাহর নাম উচ্চারিত হয় না, সেগুলো থেকে ভক্ষণ করো না; এ ভক্ষণ করা গোনাহ। নিশ্চয়ই শয়তানরা তাদের বন্ধুদের নিকট ওহী প্রেরণ করে, যাতে তারা তোমাদের সাথে বিতর্ক করে। আর যদি তোমরা তাদের আনুগত্য কর, নিশ্চিত তোমরাও মুশরিক হয়ে যাবে। [সূরা আনআম: ১২১]

আল্লাহ তায়ালা আরো বলেন:

আপনি কি তাদেরকে দেখেননি, যারা দাবী করে যে, যা আপনার প্রতি অবর্তীণ হয়েছে এবং আপনার পূর্বে যা অবর্তীণ হয়েছে তার উপর তারা ঈমান এনেছে, ইহা সত্ত্বেও তারা তাগূতের কাছে বিচার প্রার্থনার ইচ্ছা পোষণ করছে। অথচ তাদের প্রতি নির্দেশ ছিল যাতে তারা তকে অস্বীকার করে। পক্ষান্তরে শয়তান ইচ্ছা করছে তাদেরকে পরিপূর্ণ পথভ্রষ্ট করে ফেলতে। আর যখন আপনি তাদেরকে বলবেন, আল্লাহর নির্দেশের দিকে এসো - যা তিনি রসূলের প্রতি নাযিল করেছেন, তখন আপনি মুনাফেকদিগকে দেখবেন, ওরা আপনার কাছ থেকে সম্পূর্ণ ভাবে সরে যাচ্ছে। [সূরা নিসা: ৬০-৬১]

যে তাগূতের কাছে বিচার প্রার্থনার ইচ্ছা পোষণ করে তার ব্যাপারে যদি আল্লাহর হুকুম এমনটি হয় তাহলে স্বয়ং ঐ তাগূতের ব্যাপারে তাঁর হুকুম কি হতে পারে যে আল্লাহ তায়ালার বিধানের বিপরীত বিধান রচনা করে?!!

আর আল্লাহর বিধানের বিপরীত বিধান রচনা কেনই বা কুফর হবে না?!! অথচ নিশ্চিতভাবে তার মাঝে অন্তর্ভূক্ত থাকে হালালকে

হারাম আর হারামকে হালাল করা| অথবা আইনপ্রণেতাদেরকে উক্ত অধিকার প্রদান করা হয়। তারা যা চায় হালাল করে যা ইচ্ছা হারাম করে। তাদের অধিকাংশ যেটির পক্ষে মত প্রদান করে তাকেই বাস্তবায়ন করা আবশ্যক হয়। যে তার বিরোধিতা করে তাকে অপরাধী গণ্য করা হয়, শাস্তি প্রদান করা হয়। আর এগুলো তো কুফরের চূড়ান্ত পর্যায়! [আল-ইসলাম ওয়াস সুয়াল জাওয়াব, ফতওয়া নং: ১১৮১৩৫]

৪. আব্দুল কাদের আওদাহ (রহঃ) এর ফতওয়া:

ولا خلاف بينهم ـ الأئمة المجتهدين ـ قولا واعتقادا في أنه لا طاعة لمخلوق في معصية الخالق, وأن إباحة المجمع على تحريمه كالزنا والسكر, واستباحة إبطال الحدود, وتعطيل أحكام الإسلام, وشرع ما لم يأذن به الله, إنّما هو كفر وردّة, وأن الخروج على الحاكم المسلم إذا ارتدّ واجب على المسلمين**[الإسلام وأوضاعنا السياسية]

মুজতাহিদ ইমামগণের মাঝে উক্তি ও বিশ্বাস উভয় দিক থেকেই কোন দ্বিমত নেই যে, স্রষ্টার অবাধ্যতায় সৃষ্টির আনুগত্য বৈধ নয় এবং এই ব্যাপারে যে, সর্বসম্মতিক্রমে হারাম বস্তুকে বৈধতা দেয়া যেমন: যেনা, মদ এবং হুদুদ সহ অন্যান্য শর'য়ী বিধানকে বাতিল করা, যার অনুমতি আল্লাহ দেননি তা প্রণয়ন করা কুফর ও রিদ্দাহ। আর যখন মুসলমানদের শাসক মুরতাদ হয়ে যায় তার বিরুদ্ধে বিদ্রোহ মুসলমানদের উপর ওয়াজিব। [আল-ইসলাম ও আওদা-'উনাস সিয়াসিয়্যা, পৃষ্ঠা:৬০]

৫. শায়েখ আবদুর রায্যাক আফিফী (রহঃ) এর ফতওয়া:

إن من كان منتسباً للإسلام عالماً بأحكامه ، ثم وضع للناس أحكاماً وهيأ لهم نظماً ليعلموا بها ويتحاكموا إليها ، وهو يعلم أنها تخالف أحكام الإسلام ، فهو كافر خارج من ملة الإسلام ، وكذا الحكم فيمن أمر بتشكيل لجنة أو لجان لذلك. ومن أمر الناس بالتحاكم إلي تلك النظم والقوانين أو حملهم على التحاكم إليها وهو يعلم أنها مخالفة لشريعة الإسلام [شبهات حول السنة]

যে ব্যক্তি মুসলমান হিসেবে পরিচিত, ইসলামের বিধান সম্পর্কে জ্ঞাত, সে যদি জনগণের জন্য বিধান প্রণয়ন করে, সংবিধান রচনা করে যাতে মানুষ তা শিক্ষা করে, উক্ত সংবিধানের নিকট বিচার দায়ের করে, অথচ সে জানে এটা ইসলামের বিধানের বিপরীত, তাহলে সে ইসলাম থেকে খারিজ কাফের হয়ে যায়। একই বিধান প্রযোজ্য হবে ঐ ব্যক্তির উপরও যে এ সংবিধানের জন্য এক বা একাধিক আইন পরিষদ গঠনের আদেশ প্রদান করে, এবং যে উক্ত সংবিধান বা পরিষদের কাছে বিচার দায়ের করতে জনগণকে আদেশ প্রদান করে অথবা বাধ্য করে। অথচ সে জানে এটা ইসলামী শরীয়াতের বিপরীত। [শুবহা-তু হাওলাস সুন্নাহ]

৬. আল্লামা সা'ইদ আল কাহতানী (দা.বা.) এর ফতওয়া:

...وأما ما جد في حياة المسلمين - ولأول مرة في تاريخهم - وهو تنحية شريعة الله عن الحكم ورميها بالرجعية والتخلف وأنها لم تعد تواكب التقدم الحضاري، والعصر المتطور فهذه ردة جديدة في حياة المسلمين. إذ الأمر لم يقتصر على تلك الدعاوى التافهة، بل تعداه إلى إقصائها فعلاً عن واقع الحياة واستبدال الذي هو أدنى بها، فحل محلها القانون الفرنسي أو الإنجليزي أو الأمريكي أو الاشتراكية الإلحادية وما أشبه ذلك من تلك النظم الجاهلية الكافرة.

কিন্তু বর্তমানে মুসলমানদের জীবনে যা ঘটছে (আর এটাই ইতিহাসে প্রথম) তা হলো, আল্লাহ তায়ালার শরীয়াতকে বিচারকার্য থেকে দূরীভূত করা, তাকে পশ্চাতমুখীতা এবং উন্নয়নের পথে বাঁধা ভাবা, সভ্যতার অগ্রযাত্রার মিছিলে ও যুগের বিবর্তনে তাকে অগ্রহণযোগ্য আখ্যায়িত করা। এটা মুসলমানদের ইতিহাসে নতুন ধরনের রিদ্দাহ বা ধর্মত্যাগ।

কেননা বিষয়টি শুধু এই অসাড় বাক্যগুলোর মাঝেই থেমে থাকেনি, বরং বাস্তব জীবনে তা চূড়ান্ত সীমা লঙ্ঘন করেছে। আল্লাহ তায়ালার বিধানকে নিম্নমানের আইন দ্বারা পরিবর্তন করা হয়েছে। ফরাসী, বৃটিশ, মার্কিন, নাস্তিক্যবাদী সমাজতন্ত্রসহ এ ধরনের জাহেলী কুফরি নানা তন্ত্র-মন্ত্রকে আল্লাহ তায়ালার শরীয়াতের স্থানে প্রবর্তন করা হয়েছে। [আল ওয়ালা ওল বারা, খন্ড:১, পৃষ্ঠা:৫৪]

মুজাহিদীন আলেমগণের ফতওয়া

১. শহীদে উম্মাত আব্দুল্লাহ আযযাম (রহঃ) এর ফতওয়া:

الحاكم الذي يشرع بغير ما أنزل الله هذا غير مسلم خارج من الملة; لأنه كالذي يغير الصلاة.- المقنن الذي قنن القوانين ووضعها, صاغها في قوالب, هذا كافر كذلك خارج من الملة, قد يكون يصلي ويصوم, لكنه كافر لأنه يحل الحرام ويحرم الحلال.

ঐ শাসক যে আল্লাহর অবতীর্ণ বিধানের বিপরীত আইন প্রণয়ন করে সে মুসলমান নয়, সে মুসলিম উম্মাত থেকে খারিজ, কেননা সে তো ঐ ব্যক্তির ন্যায় যে নামাজকে পরিবর্তন করে। ঐ ব্যক্তি যে আইন রচনা করে, বাস্তবায়ন করে এবং সুবিন্যস্ত করে সেও একইভাবে উম্মাত থেকে খারিজ হয়ে যাবে। যদিও সে নামাজ আদায় করে, তথাপি সে কাফের। কেননা সে হালালকে হারাম আর হারামকে হালাল করেছে। [ফী যিলালি সূরাতিত তাওবাহ, পৃষ্ঠা:৫৭]

তিনি আরো বলেন:

> ولا يُشرّع أحدٌ قانوناً من القوانين الوضعية ويستبدلها بشرع الله وقانونه إلاّ ويمرّ في ذهنه أن هذا القانون أفضل من قانون الله لهذه المرحلة، وهذا كفرٌ بَوَاحٌ لا يشك في ذلك أحد من أهل هذه الملة، ليس هناك أي فرق بين من يقول إنّ

صلاة الفجر ثلاث ركعات وبين من يقول إن حكم القاتل سجن سنة، وليس هناك فرق بين من يقول إن عقوبة الزاني سجن ستة أشهر وبين من يقول إن صيام رمضان محرّم على الناس

যে ব্যক্তি মানব রচিত কোন একটি বিধান প্রণয়ন করে এবং তার মাধ্যমে আল্লাহর বিধান ও আইনকে পরিবর্তন করে, অবশ্যই তার চিন্তায় এটা আসে যে, এ ক্ষেত্রে তার বিধানটি আল্লাহর বিধানের চেয়ে ভালো। আর এটি যে কুফরে বাওয়াহ তথা স্পষ্ট কুফর এ ব্যাপারে এ উম্মাতের কোন একজন ব্যক্তি সন্দেহ করতে পারে না। যে ব্যক্তি বলে ফজরের নামায তিন রাকাত আর যে ব্যক্তি বলে হত্যাকারীর বিচার হলো এক বছর জেল, উভয়ের মাঝে কোনই পার্থক্য নেই। যে ব্যক্তি বলে যেনার শাস্তি ছয় মাস জেল আর যে বলে রমযান মাসে রোযা রাখা মানুষের জন্য হারাম, উভয়ের মাঝে কোনই ব্যবধান নেই। [মাফহুমুল হাকিমিয়্যাহ, পৃষ্ঠা:১৪/১৫]

অপর স্থানে তিনি বলেনঃ

الذين يشرّعون بغير ما أنزل الله كفارٌ وإن صلّوا وصاموا وأقاموا الشعائر الدينية، والقانونُ الذي يحكم في الأعراض والدماء والأموال هو الذي يحدد هدية الحاكم من حيث الكفر والايمان (مفهوم الحاكمية فى فكر الشهيد عبد الله عزام)

যারা আল্লাহ তায়ালার বিধানের বিপরীত বিধান রচনা করে তারা কাফের, যদিও তারা নামায পড়ে, রোযা রাখে, দ্বীনি শে'য়ারগুলো (চিহ্নগুলো) প্রতিষ্ঠা করে। জান, মাল ইজ্জতের ক্ষেত্রে হাকিম যে বিধান দ্বারা ফয়সালা করে সেটিই তার ঈমান ও কুফরের বিষয়টি নির্ধারণ করবে। [মাফহুমুল হাকিমিয়্যাহ,পৃষ্ঠা:৩]

<u>২. মুজাদ্দিদুয যমান শহীদ আবু আব্দিল্লাহ উসামা বিন লাদিন (রহঃ) এর ফতওয়া:</u>

ولقد تواترت نصوص القرآن والسنة وأقوال علماء الأمة على أن كل من سوغ لنفسه أو لغيره إتباع تشريع وضعي أو قانون بشري مخالف لحكم الله تعالى فهو كافرٌ خارجٌ عن الملة«.

নিশ্চিতভাবে অনুক্রমিক ধারায় বর্ণিত কুরআন-সুন্নাহ্‌র নুসূস ও উম্মাতের আলেমগণের অভিমত প্রমাণ করে, যে ব্যক্তি নিজের জন্য অথবা অন্য কারো জন্য আল্লাহ তায়ালার বিধান বিরোধি মানব রচিত আইন বা বিধানের অনুসরণকে বৈধতা দিবে সে ইসলাম থেকে খারিজ কাফের হয়ে যাবে। [রিসালাতুন ইলা আবি রিগাল, পৃষ্ঠা:২]

<u>৩. শায়েখ শহীদ আবু ইয়াহইয়া আল-লিবী (রহঃ) এর ফতওয়া:</u>

اتفق العلماء قاطبةً على أنَّ مَن اتخذ له مرجعاً غير كتاب الله وسنة نبيه صلى الله عليه وسلم، يحلل به الحرام المجمع عليه، أو يحرم به الحلال المجمع عليه، فهو كافرٌ يجب قتاله حتى يرجع إلى الحق ويستسلم وينقاد ويذعن للدين الذي لا يقبل الله من المرء سواه، وسواء سُمي ذلك المرجعُ قانوناً، أو دستوراً، أو نظاماً، أو عرفاً، أو عادةً، أو مرسوماً، أو ياسقاً، أو غيرها، فكلُ ذلك في الحُكم سواء، فالعبرة في شرعنا بالحقائق والمسميات لا بالرسوم والأسماء، وسواء كان ذلك المرجعُ عالمياً أو إقليمياً أو محلياً أو قبلياً، ففي كل هذه الحالات لا يخرج عن كونه حكماً جاهلياً بنص القرآن ووصفه كما قال أحكم الحاكمين: {أَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُونَ وَمَنْ أَحْسَنُ مِنَ اللَّهِ حُكْمًا لِقَوْمٍ يُوقِنُونَ}[المائدة/50]، فلا طريق إلى التلفيق والتوفيق فإما حكم الله الذي أوحاه لنبيه صلى الله عليه وسلم وإما حكم الجاهلية الجهلاء مهما ازَّينت وتبخترت وتطوَّرت.

সকল আলেমগণ একমত পোষণ করেছেন, যে ব্যক্তি কিতাবুল্লাহ ও রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সুন্নাহ ব্যতীত নিজের জন্য অন্য কোন উৎস গ্রহণ করবে, যার মাধ্যমে সে সর্বসম্মতিক্রমে সাব্যস্ত কোন হারামকে হালাল করবে অথবা হালালকে হারাম করবে, সে কাফের হয়ে যাবে। তার বিরুদ্ধে কিতাল করা ওয়াজিব হবে। যতক্ষণ না সে হক্কের দিকে ফিরে আসে, ইসলামের আনুগত্য ও বশ্যতা স্বীকার করে এবং সেই দ্বীনের সামনে আত্মসমর্পণ করে যা ছাড়া আল্লাহ তায়ালা মানুষের থেকে অন্য কিছুই গ্রহণ করবেন না। চাই উক্ত উৎসের যে নামকরণই করা হোক, আইন, সংবিধান, নিয়ম, নেজাম, রীতি, প্রথা, ইয়াসিক অথবা যে নামই রাখা হোক। চাই সেই উৎসটি আন্তর্জাতিক হোক বা দেশীয় হোক, আঞ্চলিক হোক বা গোত্রীয় হোক। সকল অবস্থাতেই এটি জাহিলী বিধান বলেই গণ্য হবে। কুরআনের নস ও তার প্রয়োগকৃত বিশেষণ দ্বারা এটাই প্রমাণিত। আহকামুল হাকেমীন আল্লাহ তায়ালা বলেন:

তারা কি জাহিলিয়্যাতের বিধি-বিধান কামনা করে? বিশ্বাসী সম্প্রদায়ের জন্য আল্লাহ অপেক্ষা কে শ্রেষ্ঠতর বিধানদানকারী? [সূরা মায়িদাহ: ৫০]

সুতরাং সমন্বয় সাধন ও জোড়াতালি লাগানোর কোনই সুযোগ নেই। হয়তো আল্লাহ তায়ালার সেই হুকুম যা তিনি ওহীর মাধ্যমে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে পাঠিয়েছেন, নয়তো অজ্ঞতাপূর্ণ জাহিলিয়্যাতের বিধান, তা যতই সজ্জিত, গর্বিত ও উন্নত হোক। [আল জিহাদ ওয়া মা'রেকাতুশ শুবহাত, পৃষ্ঠা:১৮]

৪. হাকীমুল উম্মাত আইমান আয-যাওয়াহিরী (দা.বা.) এর ফতওয়া:

فقد تغلّب على أهلها حكّام كفّار مجرمون، حكموا المسلمين بأحكام اليهود والنصارى، ووالوا أعداء الله تعالى... فهؤلاء الحكام كفّار بنصّ الكتاب والسنّة وإجماع سلف الأمّة، يجب على كلّ مسلم جهادهم باليد والمال واللسان، كلٌّ بحسب طاقته وقدرته، ولا يؤثّر في ذلك أنّهم يتسمّون بأسماء المسلمين، ويتكلّمون بلسانهم، فلا فرق في إطلاق أحكام الكفر بين من كان من الكفار الأصليين ومن ينتسب زوراً وبهتاناً إلى هذا الدين،

ইসলামী ভূখন্ডগুলো নিয়ন্ত্রণ করছে পাপিষ্ঠ কাফের শাসকবর্গ। তারা মুসলমানদেরকে শাসন করছে ইহুদী-নাসারাদের বিধান দ্বারা। তারা আল্লাহ তায়ালার শত্রুদের সাথে বন্ধুত্ব করছে। .... সুতরাং এ শাসকবর্গ কাফের। আর এটা কুরআন সুন্নাহ ও পূর্বসূরীদের ইজমা দ্বারা প্রতিষ্ঠিত। প্রতিটি মুসলমানের উপর ওয়াজিব হলো, প্রত্যেকের নিজ নিজ শক্তি ও সামর্থ্য অনুযায়ী তাদের বিরুদ্ধে জান মাল ও যবান দ্বারা জিহাদ করা। তারা যে মুসলমান নাম ধারণ করে আছে এবং তাদের ভাষাতেই কথা বলছে এ ক্ষেত্রে তার কোনই কার্যকারিতা থাকবে না। যারা আছলী কুফ্ফার আর যারা মিথ্যা ও বানোয়াটভাবে এ দ্বীনের সাথে নিজেদের সম্পর্ক যুক্ত করে, কুফরের হুকুম প্রয়োগের ক্ষেত্রে উভয়ের ক্ষেত্রে কোন পার্থক্য করা হবে না। [মা'আলিমুল জিহাদ, সংখ্যা:১, পৃষ্ঠা:২৭]

৫. মুফাক্কিরুল জিহাদ আবু মুসআব আস-সুরী (ফাক্কাল্লাহু আসরাহু) এর ফতওয়া:

إن حكام المسلمين القائمين في بلادنا اليوم عطلوا أحكام الله تعالى ورسوله كلاً أو جزءاً واتخذوا لأنفسهم ولقومهم أحكاماً استوردوها من شرق أو غرب أو من أهواء أنفسهم فابتدعوا بذلك "ياسقاً عصرياً" هو شرٌّ من ياسق جنكيز خان، ليحكموا به في الدماء والأموال والأعراض والشؤون الأخرى، وبذلك فقد ارتدّوا وخرجوا من ملّتنا ملة الإسلام، فهم كما قال الله تعالى عنهم، كافرون ظالمون فاسقون، وهذه أكبر جرائمهم وليس بعد الكفر ذنب۔

আমাদের দেশগুলোতে প্রতিষ্ঠিত যে সমস্ত শাসক আজ মুসলমানদেরকে শাসন করছে, এরা পূর্ণরূপে অথবা আংশিক ভাবে আল্লাহ ও তাঁর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিধান সমূহকে অকার্যকর করে রেখেছে। তারা নিজেদের জন্য ও তাদের সম্প্রদায়ের জন্য প্রাচ্য ও পাশ্চাত্য থেকে অথবা নিজ প্রবৃত্তি থেকে আমদানীকৃত বিধান গ্রহণ করেছে। আর এগুলোর সমন্বয় করে তারা "আধুনিক ইয়াসিক" এর উদ্ভব ঘটিয়েছে, যেটি চেঙ্গিস খানের ইয়াসিকের চেয়েও নিকৃষ্ট। এর দ্বারাই তারা জান মাল ইজ্জত ও অন্যান্য ক্ষেত্রে ফায়সালা করছে। সুতরাং এ কারণে তারা মুরতাদ হয়ে গেছে এবং আমাদের মিল্লাত ইসলাম থেকে খারিজ হয়ে গেছে। যেমনটি আল্লাহ তায়ালা বলেছেন তারা কাফের জালেম ও ফাসেক। আর এটাই হচ্ছে তাদের সবচেয়ে বড় অপরাধ। কেননা কুফরের পর আর কোন পাপ থাকতে পারে না। [আত তাজরেবাতুল জিহাদিয়্যাহ্, খন্ড:২, পৃষ্ঠা:১০৮-৯]

ক্বিয়াস থেকে দলিল

১. সাহাবায়ে কেরামের ইজমা থেকে ক্বিয়াস:

সকলের জানা, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ওফাতের পর আবু বকর (রাদিঃ) খেলাফতের গুরুদায়িত্বে অধিষ্ঠিত হলেন। তখন একদল লোক যাকাত প্রদানে অস্বীকৃতি জানাতে লাগল। তাদের নিকট কারণ দর্শানো হলে তারা কুরআন থেকে দলিল পেশ করল, আল্লাহ তায়ালা বলেছেন:

خُذْ مِنْ أَمْوَالِهِمْ صَدَقَةً

আপনি তাদের সম্পদ থেকে সদাকাহ গ্রহণ করুন। [সূরা তাওবা: ১০৩]

তারা যুক্তি পেশ করতে লাগল, এখানে যাকাত আদায়ের আদেশ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সম্বোধন করে দেয়া হয়েছে। আর এখন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নেই। আমরা কাকে যাকাত দিব? অতঃপর সাহাবায়ে কেরাম তাদের বিরুদ্ধে কিতাল করেন। তাদের মাল-সম্পদ গনীমত হিসাবে গ্রহণ করেন, পরিবার পরিজনকে বন্দী করেন।

আল্লামা জাস্‌সাস (রহঃ) সহ আমাদের মাযহাবের অনেক ফক্বীহগণ, এছাড়াও ইমাম আহমাদ বিন হাম্বল, কাযী আবু-ই'য়লা, ইমাম ইবনে তাঈমিয়া (রহঃ) সহ আহলে সুন্নাহর অনেক আলেম থেকে বর্ণিত আছে যে সাহাবায়ে কেরাম তাদেরকে মুরতাদ আখ্যায়িত করে তাদের বিরুদ্ধে এ যুদ্ধ পরিচালনা করেছেন। অনেক ফক্বীহ এ ব্যাপারে সাহাবায়ে কেরামের ইজমা ছিল বলে উল্লেখ করেছেন। সাহাবায়ে কেরামের যুদ্ধের ধরনও এর সততা প্রমাণ করে, কেননা সাহাবায়ে কেরাম তাদের পরিবার পরিজনকে যুদ্ধবন্দী করেছিলেন।

ক্বিয়াস:

উপরুক্ত ব্যক্তিরা কালিমা পাঠ করতো, আল্লাহ ও তাঁর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর বিশ্বাস স্থাপন করেছিল। নামাজ, রোজা, হজ্জ্ব, তাহাজ্জুদসহ অন্যান্য সকল বিধান পালন করতো। কিন্তু শুধুমাত্র একটি বিধান মেনে নিতে অস্বীকৃতি জানিয়েছিল তাই সাহাবায়ে কেরাম তাদেরকে মুরতাদ ঘোষণা করেছিলেন, তাদের বিরুদ্ধে যুদ্ধ করেছেন, তাদের স্ত্রী ও সন্তানদেরকে যুদ্ধবন্দী হিসেবে গ্রহণ করেছিলেন।

আর যারা পুরো রাষ্ট্র থেকে ধর্মকে আলাদা করছে, শ্লোগান তুলছে - ধর্ম যার যার রাষ্ট্র সবার; অভিযোগ উত্থাপন করলে দলিল পেশ করছে: **দ্বীনের ব্যাপারে কোন বাধ্যবাধকতা নেই** [সূরা বাকারা: ২৫৬]; একটি নয় দুটি নয়, আল্লাহর শত শত বিধানকে শুধু নিজেরাই অমান্য করছে এমনটি নয়, রাষ্ট্রীয়ভাবে অবৈধ ঘোষণা করছে; তাদের বিরুদ্ধে কেউ দাবী পেশ করলে বলছে, মদীনা সনদ অনুযায়ী দেশ চলছে; যে ক্ষমতায় যায় সেই বলছে, আমরা কুরআন সুন্নাহ বিরোধি কোন আইন প্রণয়ন করি নি, করবো না; অথচ কুরআন সুন্নাহর সুস্পষ্ট বিরোধি শত শত আইন বিদ্যমান; যদি একটি বিধান প্রত্যাখ্যানের কারণে মুরতাদ হয়, তাহলে শত শত বিধান নিষিদ্ধ করার পরেও কি মুসলমান থাকতে পারে?!!!

<u>২. তাওরাত ও ইনজিলের অনুসারীদের ব্যাপারে উম্মাতের ইজমা থেকে ক্বিয়াস:</u>

উলামায়ে উম্মাত একমত পোষণ করেছেন, কেউ যদি কুরআন সুন্নাহর অনুসরণ না করে তাওরাত ও ইনজিলের অনুসরণ করে, তার বিধান অনুযায়ী বিচার ফায়সালা করে তাহলে সে কাফের হয়ে যাবে। যদিও বা সে মুখে ইসলামের দাবী করে। ইবনে হাযম, ইবনুল কাইয়্যিম (রহঃ) সহ অন্যান্যদের থেকে বর্ণিত আছে যে, এ ব্যাপারে পুরো উম্মাতের ইজমা আছে।

ক্বিয়াস:

কুরআন সুন্নাহ ব্যতিরেকে অপর আসমানী কিতাব তাওরাত ও ইনজিলের অনুসারীরা যদি কাফের হয়ে যায় তাহলে তাদের অবস্থা কি হবে যারা মানব রচিত সংবিধানের অনুসরণ করে, কুরআন ও সুন্নাহর স্থানে সেটিকে বাস্তবায়ন করে, আল্লাহ তায়ালার বান্দাদেরকে সেই নিকৃষ্ট সংবিধান মানতে বাধ্য করে, না মানলে শাস্তি প্রদান করে? অথচ সেই সংবিধানের মধ্যে স্পষ্ট একাধিক কুফর ও শিরক বিদ্যমান। শুধু এখানেই শেষ নয় বরং তার কিছু কিছু ধারা তো কুরআনকে পর্যন্ত বাতিল বলে গণ্য করে, নাউযুবিল্লাহ। তাই উক্ত সংবিধান প্রণেতারা ও বাস্তবায়নকারীরা যে কাফের ও মুরতাদ এ ব্যাপারে কোনই সংশয় থাকতে পারে না।

ইতিহাস কী বলে?

ইসলামের প্রথম ছয়শত বছর মুসলিম দেশগুলোতে ইসলামী শরীয়াতকে পরিবর্তন করে মানব রচিত সংবিধান দ্বারা পরিচালনা করার মত জঘন্য আপরাধ খুঁজে পাওয়া যায় না। কেননা তখন আল্লাহর বিধান রাষ্ট্রীয়ভাবে পরিবর্তন করে কোন শাসক ক্ষমতায় টিকে থাকবে তা ছিল কল্পনার বাইরে। তখন সর্বোচ্চ যা ঘটতো তা হলো: ঘুষ, আত্মীয়তার সম্পর্ক অথবা এ ধরনের পার্থিব কিছু কারণে বিচারকরা একজনের হক্ব অন্যজনকে দিয়ে দিত।

এক

সর্বপ্রথম মানব রচিত সংবিধান দ্বারা রাষ্ট্র পরিচালনা শুরু হয় ৬০০ হিজরীর পর। তাতাররা মুসলিম কিছু দেশ দখল করে, অতঃপর তারা ইসলাম ধর্ম গ্রহণ করে নেয়। কিন্তু রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে পূর্ণরূপে ইসলামী শরীয়াতের অনুসরণ করে না। বরং কুরআন থেকে কিছু বিধান গ্রহণ করে, কিছু গ্রহণ করে অন্যান্য আসমানী কিতাব থেকে, কিছু বিধান রচনা করে নিজ হাতে। সবগুলোর সমন্বয়ে তারা যে সংবিধান রচনা করে তার নাম দেয় ইয়াসা বা ইয়াসিক। এর ফলে তৎকালীন সবচেয়ে বড় আলেমে দ্বীন আল্লামা ইবনে কাসীর (রহঃ) সহ অন্যান্য আলেমগণ তাদেরকে মুরতাদ হওয়ার ফতওয়া প্রদান করেন।

দুই

এরপর ১৯২৪ খ্রিষ্টাব্দে দৌলাতে উসমানিয়ার পতনের পর তুরষ্ক যখন মানব রচিত সংবিধান দ্বারা পরিচালিত হতে লাগল তখন দৌলাতে উসমানিয়ার সর্বশেষ শাইখুল ইসলাম মোস্তফা সবারী (রহঃ) উক্ত কাজকে কুফর ও রিদ্দাহ বলে ফতওয়া প্রদান করেন। এবং সেখান থেকে হিজরত করে মিশরে চলে আসেন।

তিন

দৌলাতে উসমানিয়ার পতনের পর মানব রচিত সংবিধান যখন মিশরের রাষ্ট্রীয় সংবিধানে পরিণত হয় তখন মিশরের সবচেয়ে বড় আলেম মুহাদ্দিস ও ফক্বীহ আল্লামা আহমাদ শাকের (রহঃ) ও তার ভাই মাহমুদ শাকের (রহঃ) এই বিধান রচনাকারীদেরকে কাফের ও মুরতাদ ফতওয়া প্রদান করেন।

চার

১৯৫০ খ্রিষ্টাব্দের দিকে সিরিয়ায় যখন কিছু ব্যক্তি সর্বপ্রথম রাষ্ট্রীয় সংবিধান থেকে ধর্মীয় বিধানকে পৃথক করার ব্যাপারে প্রচেষ্টা চালাতে থাকে তখন সিরিয় কিছু আলেম শাইখুল ইসলাম যাহেদ কাউসারী (রহঃ) কে তাদের ব্যাপারে ফতওয়া জিজ্ঞাসা করেন। তিনি তাদের মুরতাদ হওয়ার ব্যাপারে ফতওয়া প্রদান করেন।

আমাদের এই দীর্ঘ আলোচনায় এটা প্রমাণিত হলো যে, ইসলামী শরীয়াতের খেলাফ আইন প্রণয়নকারী বর্তমান শাসকরা শুধু ফিস্‌ক ও জুলুমের প্রাচীর বেষ্টিত নয়। বরং তারা এ প্রাচীর ভেদ করে সুস্পষ্ট কুফরের সীমায় পা রেখেছে। তারা এই উম্মাতের মুফাসসিরীন, ফুকাহা ও সকল মাজহাব-মাছলাক্ব এর ওলামায়ে-কেরামগণের ঐক্যমতে কাফির ও মুরতাদে পরিণত হয়েছে।

আল্লাহ রাব্বুল আলামীন যেনো সবাইকে ইসলামী শরীয়াতের হুকুম যথাযথভাবে বুঝার তৌফিক দান করেন।

إهدنا الصراط المستقيم